$$\text{ক্ষেত্রফল হ্রাস} = \pi r_0^2 - \pi r^2 = \pi(r_0^2 - r^2) = 3.1416\{(10^{-3})^2 - (9 \times 10^{-4})^2\} = 5.969 \times 10^{-7} \text{ m}^2$$

Scanned with CamScanner

Educationblog24.com

(ঘ) উদ্দীপকের কোন তারটির স্থিতিস্থাপকতা বেশি– গাণিতিক ভাবে বিশ্লেষণ কর।

সমাধান: এখানে,

$F_A = F_B$

$l_B = 2l$

$l_A = 2l$

$r_A = \frac{2}{2} \times 10^{-3}\ m = 10^{-3}\ m$

$r_B = \frac{5}{2} \times 10^{-3}\ m = 2.5 \times 10^{-3}\ m$

$L_A = 2m$

$L_B = 2.05\ m$

A ধাতব তারের, ইয়াং গুণাংক $Y_A = \frac{F_A L_A}{\pi r_A^2 l_A}$

B ধাতব তারের, ইয়াং গুণাংক $Y_B = \frac{F_B L_B}{\pi r_B^2 l_B}$

$$\frac{Y_A}{Y_B} = \frac{\frac{F_A L_A}{\pi r_A^2 l_A}}{\frac{F_B L_B}{\pi r_B^2 l_B}}$$

$$= \frac{F_A L_A}{\pi r_A^2 l_A} \times \frac{F_B L_B}{\pi r_B^2 l_B}$$

$$= \frac{F_A}{F_B} \times \frac{r_B^2}{r_A^2} \times \frac{l_B}{l_A} \times \frac{L_A}{L_B}$$

$$= \frac{F_A}{F_B} \times \left(\frac{2.5 \times 10^{-3}}{10^{-3}}\right) \times \frac{2l}{2l} \times \frac{2}{2.05}$$

$= 3.0$

বা, $\frac{Y_A}{Y_B} = 3$

বা, $Y_A = 3Y_B$

$\therefore Y_A > Y_B$

A তার বেশি স্থিতিস্থাপক

◆ সুমন 2 বর্গমিলিমিটার প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল এবং 9 m দীর্ঘ একটি তার নিয়ে নিচের প্রান্তে 12 kg ভর ঝুলিয়ে দিল। এতে তারের দৈর্ঘ্য বৃদ্ধি ঘটল আদি দৈর্ঘ্যের 0.001%। ইস্পাতের ইয়ং-এর গুণাঙ্ক $20 \times 10^{10}\ N\ m^{-2}$ [রা. বো. ২২]

(গ) উদ্দীপকে তারের উপর প্রযুক্ত পীড়ন নির্ণয় কর।

সমাধান: এখানে,

ভর m = 12 kg

প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল, $A = 2mm^2 = 2 \times 10^6 m^2$

অভিকর্ষজত্বরণ, $g = 9.8\ ms^{-2}$

আমরা জানি,

প্রযুক্তপীড়ন, $\frac{F}{A} = \frac{mg}{A}$

$= \frac{12 \times 9.8}{2 \times 10^{-6}}$

$= 5.88 \times 10^7 Nm^{-2}$

(ঘ) উদ্দীপকে সুমনের ব্যবহৃত তারটি ইস্পাত ছিল কি-না যাচাই কর।

সমাধান: এখানে,

'গ' হতে, পীড়ন $= 5.88 \times 10^7\ Nm^{-2}$

বিকৃতি, $\frac{l}{L} = 0.001° = \frac{0.001}{100} = 1 \times 10^{-5}$

আমরা জানি,

ইয়াং এর গুণাংক y $= \frac{\text{পীড়ন}}{\text{বিকৃতি}}$

$= \frac{5.88 \times 10^7}{1 \times 10^{-5}}$

$= 5.88 \times 10^7 Nm^{-2}$

ইস্পাতের ইয়াং এর গুণাংক $20 \times 10^{11}\ Nm^{-2}$

অতএব, তারটি ইস্পাত ছিল না।

◆ 6 m দৈর্ঘ্যের এবং 0.6 mm ব্যাসার্ধের একটি ইস্পাতের এবং অপর একটি সীসার তারের শেষ প্রান্তে 25 kg ভর ঝুলিয়ে দিলে তারের দৈর্ঘ্য প্রসারণ যথাক্রমে 0.026 m এবং 0.325 m পাওয়া গেল। ইস্পাতের তারের ইয়ং এর গুণাঙ্ক $2 \times 10^{11}\ N\ m^{-2}$। [য. বো. ২২]

(গ) উদ্দীপকের ইস্পাতের তারের ব্যাসার্ধ 3.58×10^{-4} mm হ্রাস পেলে পয়সনের অনুপাত নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে,

ব্যাসার্ধ, $r = 0.6\ mm = 0.6 \times 10^{-3}\ m$

দৈর্ঘ্য, L = 6m

ব্যাসার্ধ হ্রাস,

$\Delta r = 3.58 \times 10^{-4}\ mm = 3.58 \times 10^{-7}\ mm$

দৈর্ঘ্য হ্রাস, $\Delta l = ?$

আমরা জানি,

$Y = \frac{FL}{A\Delta L}$

বা, $\Delta L = \frac{FL}{A \times 4}$

দেওয়া আছে,
ইয়ং গুণাঙ্ক, $Y = 2 \times 10^{11}$
ভর m = 25 kg

$$= \frac{25 \times 9.8 \times 6}{\pi \times (.6 \times 10^{-3})^2 \times 2 \times 10^{11}}$$

$\therefore$ পয়সনের অনুপাত,

$$\alpha = \frac{\Delta r/r}{\Delta L/L} = \frac{\frac{3.58 \times 10^{-7}}{.6 \times 10^{-3}}}{\frac{6.5 \times 10^{-3}}{6}}$$

$= 0.55$

(ঘ) উদ্দীপকের তারদ্বয়ের মধ্যে কোনটি বেশি স্থিতিস্থাপক? গাণিতিকভাবে বিশ্লেষণ কর।

সমাধান: আমরা জানি,

$Y = \frac{FL}{A\Delta L}$

Scanned with CamScanner

Educationblog24.com

'গ' সীসার তারের দৈর্ঘ্য প্রসারণ সহগ,

$\Delta L_2 = 0.325 - 0.026$ m

$= 0.299$ m

$\Delta L_2 > \Delta L_1$

∴ ২য় তার তথা সীসার তারের স্থিতিস্থাপকতা বেশি।

♦ একটি ইস্পাতের তারের দৈর্ঘ্য 2 m, প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল 1 mm^2 এবং অসহপীড়ন 4.76×10^7 Nm^2। তারটির এক প্রান্তে 2 kg ভর ঝুলালে তারের দৈর্ঘ্য 2×10^{-4} m বৃদ্ধি পায়। এই ভরসহ তারটিকে এর আদি দৈর্ঘ্যের সমান ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তাকার পথে 4 rad s^{-1} বেগে ঘুরাতে গেলে তারটি ছিঁড়ে যায়। [চ. বো. ২২]

(গ) তারটির ইয়ং-এর গুণাঙ্ক নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে,

তারের দৈর্ঘ্য, L = 2m

ভর, m = 2 kg

প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল,

$A = 1\ mm^2, \Delta L = 2 \times 10^{-4}\ m = 1 \times 10^{-6}\ m$

পীড়ন, $\frac{F}{A} = 4.76 \times 10^7\ Nm^{-2}$

ইয়ং গুণাঙ্ক, y = ?

আমরা জানি,

$$Y = \frac{FL}{A\Delta L}$$

$$= \frac{2 \times 9.8 \times 2}{1 \times 10^{-6} \times 2 \times 10^{-4}}$$

$$= 1.96 \times 10^{11}\ Nm^{-1}$$

(ঘ) তারটি কেন ছিঁড়ে গেলো তা উদ্দীপক অনুসারে গাণিতিক বিশ্লেষণপূর্বক মতামত দাও।

সমাধান: কেন্দ্রমুখী বল বা টান

দেওয়া আছে,
m = 2 kg
w = 4rads^{-1}
r = 2m

$F = m\omega^2 r^2$

$= 2 \times 4^2 \times 2^2$

$= 128$ N

অসহ পীড়ন,

$P = \frac{F}{A} = 4.76 \times 10^7$

বা, $F = 4.76 \times 10^7 \times 1 \times 10^{-6}$

$= 47.6$ N

128 N > 47.6 N

কেন্দ্রমুখী বল বা টান অসহ পীড়ন হতে বেশি হওয়ায় তারটি ছিঁড়ে গেলো।

♦ নাফিস পদার্থবিজ্ঞান পরীক্ষাগারে 550 gm ভরের একটি বস্তুকে একটি ঝুলন্ত সুতার একপ্রান্তে বেঁধে দোল দিয়ে দেখল যে, এটি 5 সেকেন্ডে 3 বার স্পন্দিত হচ্ছে। দোলনের কোনো এক সময় বস্তুটির সরণ 6 cm এবং দোলনের বিস্তার 11 cm। [কু. বো. ২২]

(গ) উদ্দীপকে উল্লিখিত সরণকালে বস্তুটির বেগ নির্ণয় কর।

সমাধান: এখানে,

বিস্তার A = 11 Cm

স্বরণ X = 6 Cm

আমরা জানি,

কম্পাঙ্ক, $f = \frac{N}{t}$

$= \frac{3}{5}$ Hz

স্বরণকালে বেগ,

$v = \omega\sqrt{A^2 - X^2}$

$= 2\pi f\sqrt{A^2 - X^2}$

$= 2\pi \times 3/5 \times \sqrt{11^2 - 6^2}$

$= 2\ \pi\ 3.1416 \times 3/5 \times \sqrt{11^2 - 6^2}$

$= 34.757$ cm/s

$= 0.34757$ m/s

(ঘ) উল্লিখিত সরণের জন্য বস্তুটির উপর ক্রিয়াশীল বল বস্তুর ওজন অপেক্ষা কম কিনা? গাণিতিকভাবে যাচাই কর।

সমাধান: 'গ' হতে, $f = \frac{3}{5}$

স্বরণ x = 6 cm

স্বরণকালে ত্বরণ, $a = \omega^2 x$

$= (2\pi f)^2 \times 6$

$= (2 \times 3.1416 \times 3/5)^2 \times 6$

$= 85.187\ cm/s^2$

$= 0.85187\ m/s^2$

বস্তুর ভর, m = 550g = 0.55 kg

সরণকালে বস্তুটির ওপর ক্রিয়াশীল বল,

F = ma

$= .55 \times 0.85187$

$= 0.469$ N

বস্তুটির ওজন,

w = mg

$= 0.55 \times 9.8$

$= 5.39$ N

এখানে, F < W

সুতরাং, বস্তুটির ওপর ক্রিয়াশীল বল বস্তুর ওজন অপেক্ষা কম।

♦ একটি ইস্পাতের তারের দৈর্ঘ্য 2 m এবং ব্যাস 1 mm। তারটির উপর 10 N বল প্রয়োগ করার ফলে এর দৈর্ঘ্য বৃদ্ধি পায়। ইস্পাত তারের ইয়ং এর গুণাঙ্ক, $Y = 2 \times 10^{11}$ Nm^{-2}। [সি. বো. ২২]

(গ) উদ্দীপক অনুসারে তারটির দৈর্ঘ্য বৃদ্ধির পরিমাণ নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে,

বল, F = 10 N

দৈর্ঘ্য, L = 2m

$r = \frac{d}{2} = \frac{1 \times 10^{-3}}{2}$ m

দৈর্ঘ্য বৃদ্ধি ΔL = ?

Scanned with CamScanner

Educationblog24.com

আমরা জানি,

$$Y = \frac{FL}{A\Delta L}$$

বা, $2\times10^{11} = \dfrac{10\times2}{\pi\times\left(\dfrac{1\times10^{-3}}{2}\right)^2\times\Delta L}$

$\therefore \Delta L = \dfrac{10\times2}{\pi\times\left(\dfrac{1\times10^{-3}}{2}\right)^2\times2\times10^{11}}$

$\therefore \Delta L = 1.27\times10^{-4}$ m (Ans).

(ঘ) তারটির প্রসারণে মোট কৃতকাজ, একক আয়তনে সঞ্চিত শক্তি অপেক্ষা কিরূপ হবে গাণিতিকভাবে বিশ্লেষণপূর্বক মতামত দাও।

সমাধান: মোট কৃতকাজ,

$$w = \frac{1}{2}\times\frac{F}{A}\times\frac{l}{L}$$

$$= \frac{1}{2}\times\frac{10}{\pi\times\left(\dfrac{1\times10^{-3}}{2}\right)^2}\times\frac{1.27\times10^{-4}}{2}$$

$= 404.253$J

আবার,

একক আয়তনে সঞ্চিত শক্তি

$$w = \frac{1}{2}Fl^2$$

$$= \frac{1}{2}\times10\times(1.27\times10^{-4})^2$$

$= 8.06\times10^{-8}$ J (Ans).

◆ একটি অ্যালুমিনিয়ামের তারের দৈর্ঘ্য 2 m, প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল 1 mm^2 এবং অপর একটি কার্বন মিশ্রিত অ্যালুমিনিয়ামের তারের দৈর্ঘ্য 2.25 m, প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল 0.90 mm^2। তার দুটির প্রত্যেকটিকে 20 N বল প্রয়োগ করলে যথাক্রমে 0.2 mm ও 0.19 mm দৈর্ঘ্য বৃদ্ধি পায়। [দি. বো. ২২]

(গ) অ্যালুমিনিয়ামের তারের প্রতি একক আয়তনে সঞ্চিত শক্তি নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে,

দৈর্ঘ্য, L = 2m

দৈর্ঘ্য বৃদ্ধি, $\Delta L = 0.2$ mm $= 0.2\times10^{-3}$ m $= l$

প্রয়োগকৃত বল, F = 20 N

∴ একক আয়তনে সঞ্চিত শক্তি,

$$w = \frac{1}{2}Fl^2$$

$$= \frac{1}{2}\times20\times(0.2\times10^{-3})^2$$

$= 4\times10^{-7}$ J (Ans).

(ঘ) অ্যালুমিনিয়ামের সাথে কার্বন মেশানোর ফলে স্থিতিস্থাপকতার কিরূপ পরিবর্তন ঘটে? গাণিতিক বিশ্লেষণপূর্বক মতামত দাও।

সমাধান: দেওয়া আছে,

F = 20N

L = 2m

$\Delta L = 2\times10^{-3}$m

$A = 1\times10^{-6}$ m^2

১ম ক্ষেত্রে,

ইয়ং গুণাঙ্ক, $Y = \dfrac{FL}{A\Delta L}$

$= \dfrac{20\times2}{1\times10^{-6}\ 0.2\times10^{-3}}$

$= 2\times10^{11}$

দেওয়া আছে,

F = 20N

L′ = 2.25m

$A' = 0.9\times10^{-6}$ m^2

$\Delta' L' = 0.19\times10^{-3}$m

২য় ক্ষেত্রে ইয়ং গুণাঙ্ক,

$Y' = \dfrac{FL'}{A'\Delta'L'}$

$= \dfrac{20\times2.25}{0.9\times10^{-6}\times.19\times10^{-3}}$

$= 2.63\times10^{11}$

$\therefore Y' > Y$

∴ অ্যালুমিনিয়ামের সাথে কার্বন মেশানোর ফলে স্থিতিস্থাপকতা বৃদ্ধি পাবে।

◆ ভূপৃষ্ঠে একটি সেকেন্ড দোলক সঠিক সময় দেয়। এটিকে একটি খনিগর্ভে নিয়ে গেলে দৈনিক 20 sec ধীরে চলে। কিন্তু একটি পাহাড়ের শীর্ষে নিয়ে গেলে দৈনিক 1 মিনিটে (এক মিনিট) ধীরে চলে। পৃথিবীর ব্যাসার্ধ 6400 km। [দি. বো. ২২]

(গ) উদ্দীপকে দোলকটির কার্যকর দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে, দোলকটি সেকেন্ড দোলক,

T = 2s

কার্যকর দৈর্ঘ্য, L = ?

আমরা জানি,

$T = 2\pi\sqrt{L/g}$

বা, $2 = 2\pi\sqrt{\dfrac{L}{9.8}}$

∴ L = 0.9929 m

∴ দোলকটির কার্যকর দৈর্ঘ্য, L = 0.9929 m (Ans).

Scanned with CamScanner

Educationblog24.com

(ঘ) খনির গভীরতা ও পাহাড়ের উচ্চতা গাণিতিকভাবে তুলনা কর।

সমাধান: আমরা জানি,

ঘড়ি ধীরে চললে,

$T' = \frac{2 \times 86400}{46400 - 12}$

১ম ক্ষেত্রে n = 20 sec, ২য় ক্ষেত্রে 60s

$\therefore T'_1 = \frac{2 \times 86400}{46400 - 20} = 2.000463s$

$T'_2 = \frac{2 \times 86400}{46400 - 60} = 2.001389s$

২য় ক্ষেত্রে,

পাহাড়ের উচ্চতা, $h = h\left(\frac{T'_1}{T_0} - 1\right) \times R$

$= 1481.6m$

খনির গভীরতা, $h' = \left(\frac{T_2'}{T_0} - 1\right) \times R$

$= 4444.8$ m

∴ খনির গভীরতা বেশি হবে।

♦ আজহার 0.3 m লম্বা এবং 10^{-6} m^2 প্রস্থচ্ছেদের ক্ষেত্রফলবিশিষ্ট তারের এক প্রান্তে 10 kg ভরের একটি বস্তুকে বেঁধে বৃত্তাকার পথে ঘুরাচ্ছে। তারটির উপাদানের অসহপীড়ন $4.8 \times 10^7 \text{ Nm}^{-2}$। [ম. বো. ২২]

(গ) তারটির অসহ বল নির্ণয় কর।

সমাধান: দেওয়া আছে,

দৈর্ঘ্য L = 0.3 m.

প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল $A = 10^{-6} m^2$

অসহ পীড়ন $P = 4.8 \times 10^7 \text{ Nm}^{-2}$

আমরা জানি,

অসহ পীড়ন P = $\frac{\text{অসহ বল F}}{\text{ক্ষেত্রফল}}$

∴ অসহ বল (F) = অসহ পীড়ন (p) × ক্ষেত্রফল

$= 4.8 \times 10^7 \times 10^{-6}$

$= 4.8 \times 10$

$= 48$ N

(ঘ) উদ্দীপকের তারটি সর্বনিম্ন কত বেগে ঘুরালে ছিঁড়ে যাবে? ব্যাখ্যা কর।

সমাধান: গ হতে প্রাপ্ত অসহ বল F = 48 N

আমরা জানি,

$F = \frac{mv^2}{r}$

বা, $48 = \frac{10 \times v^2}{0.3}$

বা, $v^2 = \frac{48 \times 0.3}{10}$

$\therefore v = 1.2$

∴ সর্বনিম্ন 1.2 বেগে ঘুরালে ছিঁড়ে যাবে।



দৈর্ঘ্যের তার r ব্যাসার্ধের বৃত্ত উৎপন্ন করবে

♦ X ও Y দুটি তার। এদের দৈর্ঘ্য যথাক্রমে 0.9 ও 0.8 m এবং ব্যাসার্ধ 0.5 mm ও 0.7 mm, X তারটিকে 6N এবং Y তারটিকে 8 N বল প্রয়োগ করার ফলে যথাক্রমে দৈর্ঘ্য প্রসারণ হয় 8 mm ও 10 mm এবং ব্যাস 0.005 mm ও 0.01 mm হ্রাস পায়। [মা. বো. ২২]

(গ) X তারটির পয়সনের অনুপাত নির্ণয় কর।

সমাধান: উদ্দীপক হতে পাই,

x তারটির ক্ষেত্রে,

আদি দৈর্ঘ্য = L = 0.9 m

ব্যাসার্ধ $r = 0.5 \text{ mm} = 0.5 \times 10^{-3}$ m

বল F = 6 N

দৈর্ঘ্য প্রসারণ $l = 8 \text{ mm} = 8 \times 10^{-3}$ m

ব্যাসহ্রাস d = 0.005 mm

ব্যাসার্ধ $\Delta r = \frac{0.005}{2}$ mm

$= 2.5 \times 10^{-3}$ mm

$= 2.5 \times 10^{-6}$ m

আমরা জানি,

পয়সনের অনুপাত,

$\sigma = \frac{\frac{\Delta r}{r}}{l/L}$

$= \frac{\Delta r L}{r l}$

$= \frac{2.5 \times 10^{-6} \times 0.9}{0.5 \times 10^{-3} \times 8 \times 10^{-3}}$

$= 0.5625$

(ঘ) Y তারটির তুলনায় X তারটি বেশি স্থিতিস্থাপক কিনা– গাণিতিক বিশ্লেষণপূর্বক ব্যাখ্যা কর।

সমাধান: উদ্দীপক হতে পাই,

x তারের ক্ষেত্রে,

আদি দৈর্ঘ্য = $L_x = 0.9$ m

ব্যাসার্ধ $r_x = 0.5 \text{ mm} = 0.5 \times 10^{-3}$ m

বল $F_x = 6$ N

দৈর্ঘ্য প্রসারণ $l_x = 8 \text{ mm} = 8 \times 10^{-3}$ m

ইয়াং গুণাংক,

$y_x = \frac{F_x/A_x}{l_x/L_x}$

$= \frac{F_x L_x}{A_x l_x}$

$= \frac{F_x L_x}{\pi_x^2 l_x}$

$= \frac{6 \times 0.9}{3.1416 \times (0.5 \times 10^{-3})^2 \times 8 \times 10^{-3}}$

$= \frac{5.4}{6.283 \times 10^{-3}}$

Scanned with CamScanner

Educationblog24.com

y তারের ক্ষেত্রে,
আদি দৈর্ঘ্য = L_y = 0.8 m
ব্যাসার্ধ r_y = 0.7 mm = 0.7×10^{-3} m
বল F_y = 8 N
দৈর্ঘ্য প্রসারণ l_y = 10 mm = 10×10^{-3} m
ইয়াং গুণাংক,

$$y_y = \frac{\frac{F_y}{A_y}}{\frac{l_y}{L_y}}$$

$$= \frac{F_y}{A_y} \times \frac{L_y}{l_y}$$

$$= \frac{F_y L_y}{\pi_y^2 l_y}$$

$$= \frac{8 \times 0.8}{3.1416 \times (0.7 \times 10^{-3})^2 \times 10 \times 10^{-3}}$$

◆ একটি দৃঢ় অবলম্বন হতে 200 cm দৈর্ঘ্য ও 1 mm^2 প্রস্থচ্ছেদবিশিষ্ট দুটি ভিন্ন উপাদানের তার A ও B ঝুলিয়ে তারদ্বয়ের নিচে 10 kg করে ভর ঝুলানো হলো। ফলে A তারটির দৈর্ঘ্য 7% ও B তারটির দৈর্ঘ্য 8% বৃদ্ধি পেল। g = 9.8 m/s^2। [ঢা. বো. ১৯]

(গ) B তারটির একক আয়তনের বিভব শক্তি কত?
সমাধান: উদ্দীপক হতে পাই,
B তারের ক্ষেত্রে,
প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল A = $1mm^2 = 1 \times 10^{-6}$ m^2
ঝুলানো ভর, m = 10 kg
আদি দৈর্ঘ্য L = 200 cm = 2m
দৈর্ঘ্য বৃদ্ধি l = L এর 8%
= L এর 0.08
= 0.08 L
একক আয়তনে বিভব শক্তি U = ?
একক আয়তনে বিভব শক্তি,

$$U = \frac{1}{2} \times \text{পীড়ন} \times \text{বিকৃতি}$$

বা, $U = \frac{1}{2} \times \frac{F}{A} \times \frac{l}{L}$

$$= \frac{1}{2} \times \frac{mg}{A} \times \frac{l}{L}$$

$$= \frac{1}{2} \times \frac{10 \times 9.8}{1 \times 10^{-6}} \times \frac{0.08\,L}{L}$$

$$= 3.92 \times 10^6 \text{ J.}$$

(ঘ) সমান বল প্রয়োগে বস্তুর দৈর্ঘ্য বৃদ্ধির সাথে ইয়ং-এর গুণাঙ্কের মধ্যে সম্পর্ক উদ্দীপকের আলোকে গাণিতিকভাবে বিশ্লেষণ কর।
সমাধান: A তারের ক্ষেত্রে,
আদি দৈর্ঘ্য L = 2m
দৈর্ঘ্য বৃদ্ধি l_A = L এর 7% = 0.07 L
ক্ষেত্রফল A = $1mm^2$
ভর m = 10 kg
g = 9.8 ms^{-2}
ইয়াং গুণাঙ্ক,

$$Y_A = \frac{FL}{Al_A}$$

$$= \frac{mgL}{Al_A}$$

$$= \frac{9.8 \times 10 \times L}{1 \times 10^{-6} \times 0.07\,L}$$

$Y_A = 14 \times 10^8$ Nm^{-2}
B তারের ক্ষেত্রে,
আদি দৈর্ঘ্য, L = 200 cm = 2m
দৈর্ঘ্য বৃদ্ধি l_B = L এর 8% = 0.08 L
ক্ষেত্রফল A = $1mm^2 = 1 \times 10^{-6}$ m^2
ভর = 10 kg
g = 9.8 ms^{-2}
ইয়াং গুণাঙ্ক,

$$Y_B = \frac{FL}{Al_B}$$

বা, $Y_B = \frac{mgL}{Al_B}$

$$= \frac{10 \times 9.8 \times L}{1 \times 10^{-6} \times 0.08\,L}$$

$$= 12.25 \times 10^8 \text{ Nm}^{-2}$$

$$\therefore \frac{Y_B}{Y_A} = \frac{12.25 \times 10^8}{14 \times 10^8}$$

$$= 0.875$$

বা, $Y_B = 0.875\,Y_A$
উদ্দীপকের আলোকে গাণিতিক বিশ্লেষণে দেখা যাচ্ছে B তারের দৈর্ঘ্য বৃদ্ধি বেশি কিন্তু ইয়াং এর গুণাঙ্ক A তারের চেয়ে কম। অতএব সমান বল প্রয়োগে বস্তুর দৈর্ঘ্য ইয়াং গুণাঙ্ক ব্যাস্তনুপাতে পরিবর্তিত হয়।

◆ একই আয়তন, উপাদান ও 0.5×10^{-2}m ব্যাসার্ধবিশিষ্ট একটি নিরেট সিলিন্ডার ও গোলক একত্রে পানিতে ছেড়ে দেয়া হলো। বস্তুদ্বয়ের উপাদানের ও পানির ঘনত্ব যথাক্রমে 7800 kg.m^{-3}.s^{-1}। [রা. বো. ১৯]

(গ) সিলিন্ডারটি পানির ভেতর খাড়াভাবে পতনশীল হলে এর প্রান্ত বেগ নির্ণয় কর।
সমাধান: উদ্দীপক হতে পাই,
গোলকের ব্যাসার্ধ r = 0.5×10^{-2} m
গোলকের উপাদানের ঘনত্ব ρ_s = 7800 kgm^{-3}
পানির ঘনত্ব ρ_f = 1000 kgm^{-3}
পানির সান্দ্রতা সহগ 0.001 $kgm^{-1}s^{-1}$
অভিকর্ষজ ত্বরণ g = 9.8 ms^{-2}
আমরা জানি, গোলকের ক্ষেত্রে প্রান্তবেগ,

$$v_t = \frac{2r^2g\,(\rho_s - \rho_f)}{9\eta}$$

বা, $v_t = \frac{2 \times (0.5 \times 10^{-2})^2 \times 9.8\,(7800 - 1000)}{9 \times 0.001}$

বা, $v_t = 370.22$ ms^{-1}

Scanned with CamScanner

Educationblog24.com

(ঘ) সিলিন্ডার ও গোলকের মধ্যে কোনটি অধিক সান্দ্র বল অনুভব করবে? গাণিতিক বিশ্লেষণ কর।

সমাধান: উদ্দীপক হতে পাই,

ব্যাসার্ধ, $r = 0.5 \times 10^{-2}$ m

ধরি, সিলিন্ডারের উচ্চতা = h

উদ্দীপকের তথ্য মতে,

সিলিন্ডারের আয়তন = গোলকের আয়তন

বা, $\pi r^2 h = \frac{4}{3}\pi r^3$

বা, $h = \frac{4}{3} r$

$= \frac{4}{3} \times 0.5 \times 10^{-2}$

$= 6.665 \times 10^{-3}$ m

সিলিন্ডারের পৃষ্ঠের ক্ষেত্রফল

$= 2\pi r^2 + 2\pi rh$

$= 2\pi r (r + h)$

$= 2 \times 3.1416 \times 0.5 \times 10^{-2} (0.5 \times 10^{-2} + 6.665 \times 10^{-3})$

$= 366.5 \times 10^{-6}$ m^2

গোলকের পৃষ্ঠের ক্ষেত্রফল

$= 4\pi r^2$

$= 4 \times 3.1416 \times (0.5 \times 10^{-2})^2$

$= 314.16 \times 10^{-6}$ m^2

সিলিন্ডারের ক্ষেত্রফল > গোলকের ক্ষেত্রফল

আমরা জানি,

$F = \eta A \frac{dv}{dx}$

যে কঠিন বস্তুর তলের ক্ষেত্রফল বেশি, সেটি প্রবাহীর মধ্য দিয়ে গমনের সময় বেশি সান্দ্র বল অনুভব করবে।

অতএব, সিলিন্ডারটি অধিক সান্দ্র বল অনুভব করবে।

♦ মানহা পানির উপরিতলে ভাসমান 5 cm দৈর্ঘ্যের একটি তারকে অনুভূমিক অবস্থায় খাড়া উপরে তুললো। এরপর পানিতে একটি লোহার গোলককে ছেড়ে দিয়ে প্রান্তবেগ পরিমাপ করলো। পরবর্তীতে ঐ পানির তাপমাত্রা বাড়িয়ে আবারও একই গোলককে ছেড়ে দিয়ে প্রান্তবেগ পরিমাপ করলো। [কু. বো. ১৯]

(গ) মানহা তারটিকে উপরে তুলতে কী পরিমাণ বল প্রয়োগ করবে নির্ণয় কর।

সমাধান: পৃষ্ঠটান, $T = \frac{F}{L}$

কিন্তু পৃষ্ঠটান সুতার দুই দিকে কাজ করে তাই,

$T = \frac{F}{2L}$

$F = 2LT$

$= 2 \times 0.05 \times 72 \times 10^{-3}$

$= 7.2 \times 10^{-3}$ N

(ঘ) উদ্দীপকের কোন ক্ষেত্রে প্রান্তবেগ বেশি পাওয়া যাবে? গাণিতিক বিশ্লেষণের সাহায্যে মতামত দাও।

সমাধান: প্রান্ত বেগ,

$V_t = \frac{2r^2 (\rho_s - \rho_l) g}{9\eta}$

পানি বা তরলের সান্দ্রতার সাথে তাপমাত্রার সম্পর্ক,

$\log \eta = A + \frac{B}{T}$

এখানে A ও B ধ্রুবক, দেখা যায় T বাড়লে অর্থাৎ তাপমাত্রা বাড়লে η কমে।

∴ (1) নং থেকে,

$V_t \propto \frac{1}{\eta}$

তাপমাত্রা বাড়িয়ে η কমে গেলে V_t বেড়ে যাবে।

তাই আগের চেয়ে প্রান্ত বেগ বেড়ে যাবে।

♦ একটি স্টিল তারের উপর 10N বল প্রয়োগে তারের দৈর্ঘ্য বৃদ্ধি হয় 0.1mm। বলের পরিবর্তন করার ফলে একই দৈর্ঘ্যের এবং দ্বিগুণ ব্যাসার্ধের অন্য একটি তারে সমপরিমাণ দৈর্ঘ্য বৃদ্ধি ঘটে। [ব. বো. ১৯]

(গ) উদ্দীপকের প্রথম তারের দৈর্ঘ্য বিকৃতিতে কৃত কাজ নির্ণয় কর।

সমাধান: উদ্দীপক হতে পাই,

প্রযুক্ত বল F = 10 N

দৈর্ঘ্য বৃদ্ধি $l = 0.1$ mm $= 0.1 \times 10^{-3}$ m

কৃতকাজ w = ?

আমরা জানি,

$W = \frac{1}{2} \times F \times l$

$= \frac{1}{2} \times 10 \times 0.1 \times 10^{-3}$

$= 5 \times 10^{-4}$ J

(ঘ) উদ্দীপকে উল্লিখিত বলের পরিবর্তনের পরিমাণ গাণিতিকভাবে বিশ্লেষণ কর।

সমাধান: আমরা জানি,

উদ্দীপক হতে পাই,

১ম তারের ক্ষেত্রে,

প্রযুক্ত বল $F_1 = 10$ IU

আদি দৈর্ঘ্য $= L_1$

প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল A_1

ব্যাসার্ধ $= r_1$

দৈর্ঘ্য বৃদ্ধি $= l_1$

১ম তারের ক্ষেত্রে,

প্রযুক্ত বল $= F_2$

দৈর্ঘ্য $= L_2 = L_1$

দৈর্ঘ্য বৃদ্ধি $= l_1 = l_2$

ব্যাসার্ধ $= r_2 = 2r_1$

$Y = \frac{\frac{F}{A}}{\frac{l}{L}}$

বা, $Y = \frac{FL}{Al}$

বা, $F = \frac{YAl}{L}$

$\frac{F_2}{F_1} = \frac{YA_2 l_2}{L_2} \times \frac{L_1}{YA_1 l_1}$

বা, $\frac{F_2}{F_1} = \frac{A_2}{A_1}$

বা, $\frac{F_2}{F_1} = \frac{\pi r_2^2}{\pi r_1^2}$

Scanned with CamScanner

Educationblog24.com

বা, $\frac{F_2}{F_1} = \frac{r_2^2}{r_1^2}$

বা, $\frac{F_2}{F_1} = \frac{4r_1^2}{r_1^2}$

বা, $\frac{F_2}{F_1} = 4$

বা, $F_2 = 4F_1$

বলের পরিবর্তিনের পরিমাপ $= F_2 - F_1$
$= 4F_1 - F_1$
$= 3F_1$
$= 3 \times 10$ N
$= 30$ N

বলের পরিবর্তিনের পরিমাপ = 30 N

◆ দীপ গবেষণাগারে 6 m দৈর্ঘ্যের এবং 0.6 m ব্যাসের একটি ইস্পাতের এবং আরেকটি সীসার তারের শেষ প্রান্তে পর্যায়ক্রমে 25 kg ভর ঝুলিয়ে দেওয়ার পর উভয় তারের দৈর্ঘ্য প্রসারণ পেল যথাক্রমে 0.026 m এবং 0.325 m $[Y_s = 2 \times 10^{11}\ Nm^{-2}]$। [সি. বো. ১৯]

(গ) প্রসারিত অবস্থায় ইস্পাত তারটির মধ্যে স্থিতিস্থাপক বিভব শক্তি নির্ণয় কর।

সমাধান: ইস্পাতের তারের স্থিতিস্থাপক বিভবশক্তি

$W = \frac{1}{2}F\ell$

$= \frac{1}{2}mg\ell$

$= \frac{1}{2} \times 25 \times 9.8 \times 0.026$

$= 3.185$ J (Ans)

উদ্দীপক হতে পাই,
ভর m = 25 kg
দৈর্ঘ্য বৃদ্ধি = ℓ = 0.026 m

(ঘ) উদ্দীপকের কোন তারটির ভার নেওয়ার সামর্থ্য বেশি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর।

সমাধান: উদ্দীপক হতে পাই,
আদি দৈর্ঘ্য L = 6 m
ব্যাসার্ধ $r = \frac{0.6\ mm}{2} = 0.3\ mm = 0.3 \times 10^{-3}$ m
ভর m = 25 kg
দৈর্ঘ্য বৃদ্ধি, $\ell_1 = 0.325$ m
$Y_s = 2 \times 10^{11}\ Nm^{-2}$
সীসার ইয়াং এর গুণাঙ্ক

$Y_{Pb} = \frac{FL}{A\ell_1}$

$= \frac{mgL}{\pi r^2 \ell_1}$

$= \frac{25 \times 9.8 \times 6}{\pi(0.3 \times 10^{-3})^2 \times 0.325}$

$Y_{Pb} = 1.6 \times 10^{10}\ Nm^{-2}$

$Y_s > Y_{Pb}$

ইস্পাতের তারটির ভার নেওয়ার সামর্থ বেশি।

◆ রাফি পরীক্ষাগারে একটি তার ইস্পাতের তৈরি কি না যাচাই করছিল। এজন্য সে 2m দীর্ঘ এবং 1.12 mm ব্যাসবিশিষ্ট একটি তার নিল। তারটিতে 25 J বিভবশক্তি প্রয়োগ করায় তারটির দৈর্ঘ্য 3 cm বৃদ্ধি পায় এবং ব্যাস 5×10^{-3}mm হ্রাস পায়। বিশুদ্ধ ইস্পাতের ইয়ং-এর গুণাঙ্ক 2×10^{11} Nm^{-2}। [চ. বো. ১৯]

(গ) উদ্দীপকের তারটির পয়সনের অনুপাত নির্ণয় কর।

সমাধান: এখানে,
$l_0 = 2$ m
$\Delta l = 0.03$ m
$d_0 = 1.12$ mm
$\Delta d = 5 \times 10^{-3}$ mm
আমরা জানি,

পয়সনের অনুপাত, $\sigma = \frac{\Delta d \times l_0}{\Delta l \times d_0}$

$= \frac{5 \times 10^{-3} \times 2}{0.03 \times 1.12}$

$= 0.297$

(ঘ) রাফির ব্যবহৃত তারটি ইস্পাতের ছিল কি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর।

সমাধান: দৈর্ঘ্য, L = 2m
দৈর্ঘ্য পরিবর্তন, l = .03m

ক্ষেত্রফল, $A = \pi\frac{d^2}{4}$

$= 3.1416 \times \frac{(1.12 \times 10^{-3})^2}{4}$

$= 9.852 \times 10^{-7}\ m^2$

বিভবশক্তি, W = 25 J
আমরা জানি,

$W = \frac{1}{2}\frac{YAl^2}{L}$

$Y = \frac{W \times 2L}{Al^2}$

$= \frac{25 \times 2 \times 2}{9.852 \times 10^{-7} \times (.03)^2}$

$= 1.1278 \times 10^{11}\ Nm^{-2}$

এখানে, ব্যবহৃত ইস্পাতের ইয়ং এর গুণাঙ্ক $1.1278 \times 10^{11}\ Nm^2$।
অতএব, ব্যবহৃত তারটি ইস্পাতের নয়।

◆ তাজিন পরীক্ষাগারে পানির সান্দ্র বল ও পানির বিশুদ্ধতা নির্ণয়ের জন্য নিচের চিত্রানুযায়ী পরীক্ষা সম্পাদন করে। [অভিন্ন প্রশ্ন (খ সেট) '১৮]



Scanned with CamScanner

Educationblog24.com

(গ) লোহার গোলকের উপর পানির সান্দ্র বল নির্ণয় কর। [পানির সান্দ্রতা গুণাঙ্ক 3×10^{-3} Ns m^{-2}]

সমাধান: আমরা জানি,

সান্দ্রবল, $F = 6\pi r\eta v$

$= 6\pi \times \frac{0.5 \times 10^{-3}}{2} \times 3 \times 10^{-3} \times 2 \times 10^{-2}$

$= 2.83 \times 10^{-7}$ N

(ঘ) পরীক্ষাগারে ব্যবহৃত পানি বিশুদ্ধ কিনা –পরীক্ষালব্ধ ফলাফল বিশ্লেষণ করে সিদ্ধান্ত দাও। [উল্লেখ্য বিশুদ্ধ পানির পৃষ্ঠটান 72×10^{-3} Nm^{-1}]

সমাধান: আমরা জানি,

$$T = \frac{r\rho g\left(h + \frac{r}{2}\right)}{2\cos\theta}$$

$$= \frac{\frac{0.06\times10^{-3}}{2}\times1000\times9.8\times\left(40\times10^{-2} + \frac{0.06\times10^{-3}}{2}\right)}{2\cos 0°}$$

$= 58.8 \times 10^{-3}$ Nm^{-1} [$\theta = 0°$ ধরে]

কিন্তু বিশুদ্ধ পানির পৃষ্ঠটান 72×10^{-3} Nm^{-1} হওয়ার কথা। ফলে বলা যায় পানি বিশুদ্ধ ছিল না। (Ans.)

♦ চিত্র অনুসারে A তারের আদি দৈর্ঘ্য 1m এবং প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল $1mn^2$। অপরদিকে 2m দৈর্ঘ্যের B তারের উপাদানের ইয়ং-এর গুণাঙ্ক $1.2 \times 10^{11}Nm^2$। তার দুটির একটি অপেক্ষাকৃত মোটা এবং অপরটি অধিক স্থিতিস্থাপক। প্রযুক্ত বলের সাথে তার দুটির দৈর্ঘ্যবৃদ্ধির লেখচিত্র চিত্রে প্রদর্শিত হয়েছে। A ও B দুটি তারের একটি দিয়ে বড় একটি বোঝাকে বেঁধে অপর তারটি দিয়ে তা টেনে নিয়ে যাওয়া হলো। [ঢা.বো '১৭]



(গ) A তারটির উপাদানের ইয়ং-এর গুণাঙ্ক নির্ণয় কর।

সমাধান: গ্রাফ ও উদ্দীপক হতে,

$F = 2.3$ N

$L = 1$m

$A = 1$ mm^2

$= 1 \times 10^{-6}$ m^2

A তারের উপাদানের ইয়ং এর গুণাংক,

$$Y_A = \frac{FL}{Al}$$

উলম্বরেখায়:

স্কেল ফ্যাক্টর,

$c = \frac{16}{20} = 0.8$ প্রতিঘর 0.8 বর্গ একক করে পাই,

13 ঘর $= 13 \times 0.8 = 10.4$ বর্গ একক

প্রতি ঘরের বাহুকে একক ধরি,

তাহলে, $l = 10.4 \times 10^{-6}$ m

$$\therefore Y_A = \frac{2.3 \times 1}{10.4 \times 10^{-6} \times 1 \times 10^{-6}}$$

$= 2.2 \times 10^{11}$ Nm^{-2}

(ঘ) তার দুটির কোনটিকে কোন কাজে ব্যবহার করা উপযোগী তা গাণিতিকভাবে বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও।

সমাধান:

A তারের ইয়ং এর গুণাংক,

$Y_A = 2.2 \times 10^{11}$ Nm^{-2}

B তারের ইয়ং এর গুণাংক,

$Y_B = 1.2 \times 10^{11}$ Nm^{-2}

B তারের জন্য,

$$Y_B = \frac{F_B L_B}{A_B l_B}$$

বা, $1.2 \times 1^{11} = \frac{3.2 \times 2}{6.48 \times 10^{-6} A_B}$

বা, $A_B = 8.23 \times 10^{-7}$ m

এখানে,
$l_A = 8.1 \times 0.8$
$= 6.48 \times 10^{-6}$
$F_B = 3.2$ N
$L_B = 2$ m
$A_A = ?$

A তারের প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল,

$A_A = 1 \times 10^{-7}$ m

বা, $\frac{A_A}{A_B} = \frac{1 \times 10^{-6}}{8.23 \times 10^{-7}}$

$= 1.2$

$A_A = 1.2\ A_B$

$\therefore$ A তারটি মোটা

A তারে সঞ্চিত শক্তি,

$$W_A = \frac{1}{2}\frac{Y_A l^2}{L^2}$$

$$= \frac{1}{2} \times \frac{2.2 \times 10^{11} \times (10.4 \times 10^{-6})^2}{1}$$

$\therefore W_A = 11.8976$ J

Scanned with CamScanner

Educationblog24.com

B তারে সঞ্চিত শক্তি,

$$w_B = \frac{1}{2} \times \frac{1.2 \times 10^{11} \times (6.48 \times 10^{-6})^2}{2}$$

$= 1.26$ J

∴ B তার দ্বারা বাধা সহজ। ফলে B তার দ্বারা বেঁধে A তার দ্বারা টানলে সহজে বোঝাটিকে টেনে নেয়া যাবে।

◆ A ও B দুটি তরল পদার্থ যাদের ঘনত্ব যথাক্রমে 100 kgm^{-3} ও 800 kgm^{-3}। প্রথমে A তরল হতে 0.1 m দৈর্ঘ্যের তারকে অনুভূমিকভাবে উপরে উঠানো হল। পরে 4mm ব্যাসার্ধের ও 7.8×10^3 kgm^{-3} ঘনত্বের একটি লোহার গোলককে A ও B উভয় তরলে ছেড়ে দিয়ে দেখা গেল তাদের প্রান্তবেগ যথাক্রমে 2.36×10^{-2} ms^{-1} ও $4 \times 10^{-2} ms^{-1}$. [A তরলের পৃষ্ঠটান $72 \times 10^{-3} Nm^{-1}$ এবং $g = 9.8$ ms^{-2}.] [কু.বো '১৭]

(গ) উদ্দীপকের তারটিকে উঠানোর সময় প্রযুক্ত বল এর মান হিসাব কর।

সমাধান: আমরা জানি,

$$T = \frac{F}{L}$$

বা, $F = TL$

$= 72 \times 10^{-3} \times 0.2$

$= 14.4 \times 10^{-3}$ N

এখানে,
$T = 72 \times 10^{-3}$ Nm^{-1}
$L = 2 \times 0.1$ m $= 0.2$ m
$F = ?$

(ঘ) উদ্দীপকের কোন তরলটি বেশি সান্দ্র-গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে উত্তরের পক্ষে যুক্তি দাও।

সমাধান: এখানে,
$r_A = 4mm = 4 \times 10^{-3}m$
$\rho_s = 7.8 \times 10^3$ kg m^{-3}
$\rho_e = 100$ kgm^{-3}
$g = 9.8$ ms^{-2}
$v_A = 2.3 \times 10^{-2}$ ms^{-1}
সান্দ্রতা, $\eta_A = ?$

আমরা জানি,
প্রান্তবেগ,

$$v = \frac{2r^2 (\rho - \rho_l) g}{9 \eta}$$

$$\text{বা, } \eta = \frac{2r^2 (\rho - \rho_l) g}{9 v} \quad \text{.......................... (i)}$$

A তরলের জন্য,

$$\eta_A = \frac{2r_A^2 (r_s - r_A) g}{9v_A}$$

$$= \frac{2 \times (4 \times 10^{-3})^2 (7.8 \times 10^3 - 100) \times 9.8}{9 \times 2.3 \times 10^{-2}}$$

$= 10.3$ Nms^{-2}

অনুরূপভাবে, B তরলের সান্দ্রতা,

$$\eta_B = \frac{2r_A^2 (\rho_s - \rho_B) g}{9V_B}$$

$$= \frac{2 \times (4 \times 10^{-3})^2 (7.8 \times 10^3 - 800) \times 9.8}{9 \times 4 \times 10^{-3}}$$

$= 6.1$ Nms^{-2}

∴ $\eta_A > \eta_B$ ফলে A তরল B তরল অপেক্ষা বেশি সান্দ্র।

◆ ইতি তার পদার্থবিজ্ঞান ল্যাবে 100 cm লম্ব ও 4 mm^2 প্রস্থচ্ছেদের একটি তারের নিচ প্রান্তে ভার ঝুলিয়ে এর দৈর্ঘ্য পরিবর্তন ও পার্শ্ব পরিবর্তনের পাঠ নিল এবং তার বান্ধবী বিথীকে বলল যে তার পরীক্ষায় দৈর্ঘ্য পরিবর্তন ও পার্শ্ব পরিবর্তন যথাক্রমে 5% ও 6% পাওয়া গেছে। এটা শুনে বিথী বলল, হতে পারে না। তোমার উপাত্ত সংগ্রহে ভুল হয়েছে। (তারের ইয়ং-এর গুণাংক $Y = 2 \times 10^{11}$ N/m^2) [রা.বো '১৭]

(গ) উদ্দীপকে বর্ণিত তারটির দৈর্ঘ্য 10 mm বৃদ্ধি করতে কত ভার চাপাতে হবে?

সমাধান: এখানে,
$Y = 2 \times 10^{11}$ Nm^{-2}
$F = ?$
$L = 100$ cm $= 1$m
$A = 4 \times 10^{-6}$ m
$l = 10 \times 10^{-3}$ m

আমরা জানি,

$$Y = \frac{FL}{Al}$$

$$\text{বা, } F = \frac{YAl}{L}$$

$$= \frac{2 \times 10^{11} \times 4 \times 10^{-6} \times 10 \times 10^{-3}}{1}$$

$= 8 \times 10^3$ N

উত্তর: 8×10^3 N

(ঘ) বিথীর উক্তির যথার্থতা গাণিতিকভাবে যাচাই কর।

সমাধান: এখানে,

পার্শ্ববিকৃতি $= 5\% = \frac{6}{100} = 0.06$

দৈর্ঘ্য বিকৃতি $= 5\% = 0.05$

আমরা জানি,

$$\text{পয়সনের অনুপাত, } \sigma = \frac{\text{পার্শ্ববিকৃতি}}{\text{দৈর্ঘ্য বিকৃতি}} = \frac{0.06}{0.05} = 1.2$$

কিন্তু σ এর মান ধাতব তারের জন্য

$$0 \le \sigma \le \frac{1}{2}$$

তাত্ত্বিকভাবে σ এর মান – 1 অপেক্ষা ছোট এবং $\frac{1}{2}$ অপেক্ষা বড় হতে পারে না।

ফলে, ইতির নেওয়া পাঠ ভুল ছিল। বিথি ঠিক বলেছে।

Scanned with CamScanner

Educationblog24.com

◆ একটি তারে 10kg ভর ঝুলানোর ফলে এর দৈর্ঘ্য দ্বিগুণ ও ব্যাস তিন-চতুর্থাংশ হয়।

উপাদান	Y-এর মান
অ্যালুমিনিয়াম	$7\times10^{10}Nm^{-2}$
লোহা	$11.5\times10^{10}Nm^{-2}$
তামা	$13\times10^{10}Nm^{-2}$
ইস্পাত	$20\times10^{10}Nm^{-2}$



[সি.বো '১৭]

(গ) উদ্দীপকের তারের পয়সনের অনুপাতের মান নির্ণয় কর।

(ঘ) তারের ব্যাস $D = 4.22\times10^{-2}mm$ হলে উদ্দীপকের তথ্য মতে এটি কোন পদার্থের তৈরি, গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও।

সমাধান: এখানে,

$$\text{পার্শ্ববিকৃতি} = \frac{d}{D} = \frac{D - \frac{3}{4}D}{D} = 1 - \frac{3}{4} = \frac{1}{4}$$

$$\text{দৈর্ঘ্য বিকৃতি} = \frac{l}{L} = \frac{2l - L}{L} = 1$$

আমরা জানি, পয়সনের অনুপাত,

$$\sigma = \frac{\text{পার্শ্ববিকৃতি}}{\text{দৈর্ঘ্যবিকৃতি}}$$

$$= \frac{\frac{1}{4}}{1}$$

$$= \frac{1}{4}$$

$$= 0.25$$

(ঘ) তারের ব্যাস $D = 4.22\times10^{-2}mm$ হলে উদ্দীপকের তথ্য মতে এটি কোন পদার্থের তৈরি, গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও।

সমাধান: তারের ব্যাস, $D = 4.22\times10^{-2}mm$

তারের ব্যাসার্ধ,

$$r = \frac{D}{2}$$

$$= \frac{4.22\times10^{-2}}{2} mm$$

$$= 2.11 \times 10^{-2} mm$$

$$= 2.11 \times 10^{-5} m$$

আমরা জানি,

$$Y = \frac{FL}{Al}$$

$$= \frac{10 \times 9.8}{\pi \times r^2} \times \frac{L}{l}$$

$$= \frac{98}{\pi\times(2.11\times10^{-5})^2}$$

$$= 7 \times 10^{10}$$

প্রাপ্ত Y হতে বলা যায় তারটি অ্যালুমিনিয়ামের তৈরি।

◆ 2mm ও 4mm ব্যাসের ও অভিন্ন দৈর্ঘ্যের দুটি তার একটি দৃঢ় অবলম্বন হতে ঝোলানো হল তার দুটিতে অভিন্ন ওজন প্রয়োগ করার ফলে দ্বিতীয় তারটির দৈর্ঘ্য বৃদ্ধি প্রথমটির দৈর্ঘ্য বৃদ্ধির এক-তৃতীয়াংশ হল দ্বিতীয় তারটির পয়সনের অনুপাত 0.4। [চ.বো '১৭]

(গ) দ্বিতীয় তারটির দৈর্ঘ্য 5% বৃদ্ধি করা হলে ব্যাসার্ধ কতটুকু হ্রাস পাবে নির্ণয় কর।

সমাধান: এখানে,

$D = 4mm$

$l = 5\% \, L = 0.05 \, L$

$\sigma = 0.4$

$d = ?$

আমরা জানি,

$$\text{পয়সনের অনুপাত}, \sigma = \frac{d/D}{e/L} \quad \text{.............................. (i)}$$

(i) নং সমীকরণ হতে পাই,

$$0.4 = \frac{d/4}{\frac{0.05 \, L}{L}}$$

$$\text{বা}, d = 0.08$$

$$\text{বা}, r = \frac{d}{2}$$

$$= 0.04$$

$$= 4\%$$

উত্তর: 4% হ্রাস পাবে।

(ঘ) উদ্দীপকের তার দুটির মধ্যে কোনটি, বেশি স্থিতিস্থাপক তা গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে নির্ণয় কর।

সমাধান: এখানে,

$$A_2 = \frac{\pi}{4} D_2^2 = \frac{\pi}{4} \times 4^2$$

$$A_1 = \frac{\pi}{4} \times 2^2$$

$$l_2 = \frac{1}{3} l_1$$

যে তারের ইয়ং এর গুণাংক বেশি তা বেশি স্থিতিস্থাপক,

$$\text{১ম তারের জন্য}, Y_1 = \frac{F_1L_1}{A_1l_1}$$

$$\text{২য় তারের জন্য}, Y_2 = \frac{F_2L_2}{A_2l_2}$$

প্রশ্নমতে,

$F_1 = F_2 = F, L_1 = L_2 = L$

$$\therefore \frac{Y_1}{Y_2} = \frac{F_1L_1}{A_1l_1} \times \frac{A_2l_2}{F_2L_2}$$

$$= \frac{FL}{A_1l_1} \times \frac{A_2l_2}{FL}$$

$$= \frac{A_2}{A_1} \times \frac{l_2}{l_1}$$

Scanned with CamScanner

Educationblog24.com

$$= \frac{\frac{\pi}{4}\times 4^2}{\frac{\pi}{4}\times 2^2} \times \frac{\frac{1}{3}L_1}{l_1}$$

$$= \frac{r^2}{2^2}\times\frac{1}{3}$$

$$= \frac{4}{3} > 1$$

$$y_1 = \frac{4}{3} y_2$$

$y_1 > y_2$

ফলে প্রথম তারটি বেশি স্থিতিস্থাপক।

◆ একটি পরীক্ষাগারে দুইটি কক্ষ। কক্ষ দুইটিতে দুইটি তার ঝুলানো আছে। প্রথম কক্ষের কক্ষ তাপমাত্রা 2°C এবং দ্বিতীয় কক্ষের কক্ষ তাপমাত্রা 50°C। দ্বিতীয় তারটি প্রথম তার অপেক্ষা মোটা। প্রথম তারের দৈর্ঘ্য 1m, ব্যাস 5mm, 3kg ভর ঝুলানোর ফলে দৈর্ঘ্য হল 1 cm এবং ব্যাস 0.01 mm। আবার দ্বিতীয় তারের দৈর্ঘ্য 3m ব্যাস 15 mm সম ভর দেওয়ায় দৈর্ঘ্য হল 3cm এবং ব্যাস 0.03 mm। [দি.বো '১৫]

(গ) প্রথম ও দ্বিতীয় তারের পয়সনের অনুপাতের তুলনা কর।

সমাধান: আমরা জানি,

পয়সনের অনুপাত,

$$\sigma = \frac{\text{পার্শ্ববিকৃতি}}{\text{দৈর্ঘ্য বিকৃতি}}$$

$$\text{বা, } \sigma = \frac{\Delta d/D}{\Delta l/L}$$

১ম তারের জন্য:

এখানে,
$\Delta d_1 = 0.01$ mm
$D_1 = 5$mm
$\Delta l_1 = 1$ cm $= 0.01$ m
$L_1 = 1$m

$$\sigma_1 = \frac{\Delta d_1/D_1}{\Delta l_1/L_1} = \frac{0.01/5}{\frac{0.01}{1}} = \frac{1}{5} = 0.2$$

২য় তারের জন্য:

এখানে,
$\Delta d_2 = 0.03$ mm
$D_2 = 15$ mm
$\Delta l_2 = 3$cm $= 0.03$m
$L_2 = 3$m

$$\sigma_2 = \frac{\Delta d_2/D_2}{\Delta l_2/L_2} = \frac{0.03/15}{0.03/3} = \frac{1}{5} = 0.2$$

$\therefore \sigma_1 = \sigma_2 = 0.2$

∴ উভয় তারের পয়সনের অনুপাত 0.2

(ঘ) তার দুটির মধ্যে কোনটির অসহভার বেশী বলে তুমি মনে কর? মতামত ব্যক্ত কর।

সমাধান: এখানে,

F হলো ন্যূনতম বল যার ফলে তার ছিড়ে যায়।

$F_1 = F_2 =$ অসহপীড়ন

$A_1 = \pi_1^2$

$A_2 = \pi r_2^2$

প্রথম তারের অসহ ভার $= w_1$

দ্বিতীয় তারের অসহভার $= w_2$

আমরা জানি,

অসহভার - অসহপীড়ন × প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল

১ম তারের অসহ ভার, $w_1 = F_1.A_1$

২য় তারের অসহ ভার, $w_2 = F_2.A_2$

$$\frac{w_1}{w_2} = \frac{F.A_1}{F.A_2} = \frac{A_1}{A_2} = \frac{\pi r_1^2}{\pi r_2^2} = \frac{(5/2)^2}{(15/2)^2}$$

$$\text{বা, } \frac{w_1}{w_2} = \frac{1}{9}$$

$\therefore w_2 = 9w_1$

দ্বিতীয় তারের অসহ ভার প্রথম তারের অসহভারের 9 গুণ।

◆ নিচের চিত্রে প্রদর্শিত A নলের ব্যাস 0.8 মি.ম. এবং B নলের ব্যাস 0.4 মি.মি.। পানির স্পর্শ কোণ 2°, পৃষ্টটান 72×10^{-3} Nm^{-1}. [সি.বো '১৫]



(গ) B নলের পানির উচ্চতা বের কর।

সমাধান: এখানে,

নলের ব্যাসার্ধ, $r = \frac{0.4\times10^{-3}}{2} = 2\times10^{-4}$ m

পানির ঘনত্ব, $\rho = 1000$ kgm^{-3}

$g = 9.8$ ms^{-2}

$\theta = 2°$

পানির পৃষ্টটান, $T = 72\times10^{-3}$ Nm^{-1}

B নলের জন্য:

$$T = \frac{r\left(h+\frac{r}{3}\right)\rho g}{2\cos\theta}$$

$$\text{বা, } 2T\cos\theta = r\rho g\left(h+\frac{r}{3}\right)$$

$$\text{বা, } h+\frac{r}{3} = \frac{2T\cos\theta}{r\rho g}$$

Scanned with CamScanner

Educationblog24.com

বা, $h = \frac{2T\cos\theta}{r\rho g} - \frac{r}{3}$ .... (i)

$= \frac{2\times72\times10^{-3}\times\cos 2^\circ}{2\times10^{-4}\times1000\times9.8} - \frac{2\times10^{-4}}{3}$

$= 0.073425 - 6\times10^{-5}$

$= 0.073365$ m

$= 73.4$ mm

আসন্ন তিন দশমিক স্থান পর্যন্ত r এর মান অতি ক্ষুদ্র বিধায় উত্তরের তেমন কোনো পরিবর্তন হয়নি।

(ঘ) নল দুটিতে পানির উচ্চতার তারতম্যের কারণ বিশ্লেষণ কর।

সমাধান: এখানে,

নলের ব্যাসার্ধ, $r = \frac{0.8\times10^{-3}}{2} = 4\times10^{-4}$ m

'ক' হতে প্রাপ্ত সমীকরণ (i) অনুযায়ী A নলের ক্ষেত্রে, পানির উচ্চতা,

$h = \frac{2T\cos\theta}{r\rho g} - \frac{r}{3}$

$= \frac{2\times72\times10^{-3}\times\cos 2^\circ}{4\times10^{-4}\times1000\times9.8} - \frac{4\times10^{-4}}{3}$

$= 0.03671 - 1.33\times10^{-4}$

$= 0.0366$ m

$= 36.6$ mm

A নলে পানির উচ্চতা B নলের পানির উচ্চতা হতে কম হওয়ার কারণ A নলের ব্যাস B নলের ব্যাস অপেক্ষা বেশি ফলে একই চাপে সমান আয়তনের পানি দুটি নলে প্রবেশ করে চাপকে প্রশমিত করে। নলের ব্যাস বেশি হলে কম উচ্চতায় সমপরিমাণ পানি ও নলের ব্যাস কম হলে একই পরিমাণ পানি ধারণ করতে পানির উচ্চতা বেশি হয়।

অন্য কথায়, উচ্চতার সাথে ব্যাসার্ধের সম্পর্ক,

$h \propto \frac{1}{r}$ [Jourin's law]

∴ r বাড়লে h কমবে, r কমলে h বাড়বে। (Ans.)

♦ A ও B দুটি তারের বিভিন্ন রাশির মান নিম্নের ছকে প্রদান করা হলো: [ব.বো '১৫]

তার	দৈর্ঘ্য, L(m)	ব্যাসার্ধ, r(mm)	বল, F(N)	দৈর্ঘ্য প্রসারণ l(mm)	ব্যাসের হ্রাস, d(mm)
A	0.80	0.5	5	7	0.005
B	0.75	0.6	6	8	0.01

(গ) A তারের পয়সনের অনুপাত হিসাব কর।

সমাধান: এখানে,

আদি ব্যাসার্ধ, $R_1 = 0.5$ mm

ব্যাসার্ধহ্রাস, $r_1 = \frac{0.005}{2}$ mm

আদি দৈর্ঘ্য, $L_1 = 0.8$ m

দৈর্ঘ্য বৃদ্ধি, $l_1 = 7\text{mm} = 0.007$ m

A তারের পয়সনের অনুপাত σ_A হলে,

$\sigma_A = \frac{d_1/D_1}{l_1/L_1}$

$= \frac{r_1/R_1}{l_1/L_1}$

$= \frac{\frac{0.005}{2\times0.5}}{\frac{0.007}{0.8}}$

$= \frac{0.005\times0.8}{2\times0.5\times0.007}$

∴ A তারের পয়সনের অনুপাত 0.57

বি.দ্র: পয়সনের অনুপাত ধাতব পাতের জন্য: $0 \le 0 \le \frac{1}{2}$

(ঘ) A ও B তারটির মধ্যে কোনটি বেশি স্থিতিস্থাপক– গাণিতিকভাবে বিশ্লেষণ কর।

সমাধান: এখানে,

$F_A = 5$N

$L_A = 0.8$

$A_A = \pi r_A^2 = \pi(0.5\times10^{-3})^2$

$l_A = 7$ mm $= 7\times10^{-3}$ m

$F_B = 6$ N

$L_B = 0.75$ m

$l_B = 8\times10^{-3}$ m

$A_B = \pi r_B^2 = \pi(0.6\times10^{-3})^2$

A তারের জন্য ইয়ং এর গুণাংক,

$Y_A = \frac{F_A L_A}{A_A l_A}$

এবং B তারের জন্য ইয়ং এর গুণাংক,

$Y_B = \frac{F_B L_B}{A_B l_B}$

$\frac{Y_A}{Y_B} = \frac{F_A}{F_B}\times\frac{L_A}{L_B}\times\frac{A_B}{A_A}\times\frac{l_B}{l_A}$

$= \frac{6}{5}\times\frac{0.8}{0.75}\times\frac{\pi(0.6\times10^{-3})^2}{\pi(0.5\times10^{-3})^2}\times\frac{8\times10^{-3}}{7\times10^{-3}}$

$= \frac{11.52}{7.875}$

$= 1.46$

∴ $Y_A = 1.46\times Y_B$

$Y_A > Y_B$

আমরা জানি, যার ইয়ং এর গুণাংক বেশি সে তারটি বেশি স্থিতিস্থাপক। ফলে A তারটি বেশি স্থিতিস্থাপক।

Scanned with CamScanner

Educationblog24.com

বুয়েট, কুয়েট, রুয়েট, চুয়েট, মেডিকেল, টেক্সটাইল, বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের ভর্তি পরীক্ষার গাণিতিক সমস্যাবলির সমাধান

♦ একটি কাঠের ঘনবস্তুর দৈর্ঘ্য 8cm এবং ঘনত্ব $600 kgm^{-3}$। একে $1000 kgm^{-3}$ ঘনত্বের তরলে ডুবালে এটি সরল ছন্দিত স্পন্দনে দোলে। [বুয়েট ২২-২৩]

(i) ঘনবস্তুটির ডুবন্ত দৈর্ঘ্য কত হবে?

সমাধান: এখানে,
পানির ঘনত্ব, $\rho_f = 1000 kgm^{-3}$
ঘনবস্তুর ঘনত্ব, $\rho_s = 600 kgm^{-3}$
ঘনবস্তুর বাহুর দৈর্ঘ্য, $\ell = 8\ cm = 0.08\ m$
ঘনবস্তুর ডুবন্ত দৈর্ঘ্য, $L = ?$

প্লবতার সূত্র হতে পাই,
$F_f = mg$
বা, $v_f \rho_f g = v_s \rho_s g$
বা, $AL\rho_f = \ell^3 \rho_s g$
বা, $L = \dfrac{\ell^3 \rho_s}{A\rho_f}$
বা, $L = \dfrac{(0.08)^3 \times 600}{(8 \times 10^{-2})^2 \times 1000}$
বা, $L = 0.048\ m$
$\therefore L = 4.8\ cm$
ঘনবস্তুটির ডুবন্ত দৈর্ঘ্য $L = 4.8\ cm$ (Ans.)

(ii) একে সম্পূর্ণ ডুবিয়ে ছেড়ে দিলে এর ত্বরণ কত হবে?

সমাধান: এখানে,
বস্তুর আয়তন = V
বস্তুর ভর, $m = V\rho_s g$
বস্তুর ঘনত্ব, $\rho_s = 600 kgm^{-3}$
পানির ঘনত্ব, $\rho_f = 1000 kgm^{-3}$
লব্ধি ত্বরণ, a = ?



আমরা জানি,
লব্ধিবল = প্লাবতা বল – অভিকর্ষ বল
বা, $ma = V\rho_f g - mg$
বা, $V\rho_s a = V\rho_f g - V\rho_s g$
বা, $a = \left(\dfrac{\rho_f - \rho_s}{\rho_s}\right) g$
বা, $a = \left(\dfrac{1000 - 600}{600}\right) \times 9.8$
$\therefore a = 6.533\ ms^{-2}$
$\therefore$ ঘনবস্তুটির ত্বরণ উপরের দিকে $6.533\ ms^{-2}$ (Ans.)

♦ সমান দৈর্ঘ্য ও r = 0.5 ব্যাসার্ধের দুটি ইস্পাত তারের সাহায্যে 45 kg ভরের একটি ট্রাফিক লাইট ঝুলানো আছে। যদি তার দুটি অনুভূমিকের সাথে 15° কোণ তৈরি করে, তাহলে ট্রাফিক লাইটের ওজনের জন্য তার দুটির দৈর্ঘ্য বিকৃতির পরিমাণ কত হবে? দেওয়া আছে, ইস্পাতের ইয়ং-এর গুণাঙ্ক $2 \times 10^{11}\ Nm^{-2}$। [বুয়েট ১৯-২০]

সমাধান:



লামির উপপাদ্য অনুসারে,
$\dfrac{W}{\sin 150°} = \dfrac{T_1}{\sin(90 + 15°)} = \dfrac{T_2}{\sin(90 + 15°)}$
বা, $T_1 = \dfrac{W}{\sin 150°} \times \cos 15°$
$= 851.9465\ N$
$\therefore T_2 = 851.9465\ N$

আমরা জানি,
$Y = \dfrac{T/A}{l/L}$
বা, $\dfrac{l}{L} = \dfrac{T/A}{Y}$
$= \dfrac{851.9465}{3.14 \times (5 \times 10^{-3})^2 \times 2 \times 10^{11}}$
বা, $\dfrac{l}{L} = 5.4427 \times 10^{-5}$

♦ দুটি তারের দৈর্ঘ্য সমান কিন্তু ব্যাস যথাক্রমে 3 mm। তার দুইটিকে সমান বলে টানলে প্রথমটির দৈর্ঘ্য বৃদ্ধি দ্বিতীয়টির দৈর্ঘ্য বৃদ্ধির তিনগুণ হয়। তার দুটির মধ্যে কোনটি বেশি স্থিতিস্থাপক? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে তোমার মতামত ব্যক্ত কর। [বুয়েট ১৮-১৯]

সমাধান: আমরা জানি,

এখানে,
$F_1 = F_2$
$L_1 = L_2$
$l_1 = 3l_2$
$r_1 = 1.5 \times 10^{-3}\ m$
$r_2 = 3 \times 10^{-3}\ m$

$Y = \dfrac{FL}{Al}$
$\dfrac{Y_1}{Y_2} = \dfrac{F_1 L_1}{A_1 l_1} \times \dfrac{A_2 l_2}{F_2 L_2}$
বা, $\dfrac{Y_1}{Y_2} = \dfrac{r_2^2 \times l_2}{r_1^2 \times l_1}$
বা, $\dfrac{Y_1}{Y_2} = \dfrac{(3 \times 10^{-3})^2}{(1.5 \times 10^{-3})^2 \times 3}$
বা, $\dfrac{Y_1}{Y_2} = 1.33$
বা, $Y_1 = 1.33\ Y_2$.

Scanned with CamScanner

Educationblog24.com

দেখা যাচ্ছে,

$Y_1 > Y_2$

তাই ১ম তারটি বেশি স্থিতিস্থাপক। Ans.

♦ পানির উপরিতলে পানির ঘনত্ব 1.03×10^3 kg/m³ হলে 800 atm চাপ গভীরতায় পানির ঘনত্ব কত হবে? দেওয়া আছে, পানির সংনম্যতা = 45.8×10^{-11} Pa⁻¹ এবং 1 atm = 1.013×10^5 Pa. [বুয়েট ১৬-১৭]

সমাধান: এখানে,

$p = 800$ atm $= 800 \times 101325$ Pa

$\frac{1}{B} = 45.8 \times 10^{11}$ Pa⁻¹

আমরা জানি, সংনম্যতা,

$\frac{1}{B} = \frac{v}{pV}$

বা, $vB = pV$

বা, $v = \frac{pV}{B}$

$= 0.037$ V

পরিবর্তিত আয়তন,

$V' = V - v$

$= V - 0.037$ V

$= 0.963$ V

এক্ষেত্রে পানির ভর অপরিবর্তিত থাকে।

$\therefore V\rho = V'\rho'$

বা $\rho' = \frac{V\rho}{V'}$

$= \frac{1.03 \times 10^3 \times V}{0.963V}$

$= 1.069 \times 10^3$ kgm⁻³

♦ একটি দেয়াল হতে 4.8 cm ব্যাসের একটি অ্যালুমিনিয়ামের দণ্ড আনুভূমিকভাবে 5.3 cm প্রক্ষেপিত আছে। দণ্ডটির শেষ প্রান্তে 1200 kg ভরের একটি বস্তু ঝোলানো হল। অ্যালুমিনিয়ামের বিবর্তন গুণাংক 3×10^{10} N/m²। দণ্ডটির ভরকে উপেক্ষা করে (ক) দণ্ডটির উপর ব্যবর্তন পীড়ন এবং (খ) দণ্ডটির প্রান্তের উল্লম্ব বিচ্যুতি নির্ণয় কর। [বুয়েট ১৬-১৭]

সমাধান:

ক. পীড়ন = $\frac{\text{প্রযুক্ত বল}}{\text{তলের ক্ষেত্রফল}}$

$= \frac{F}{A}$

$= \frac{mg}{\pi r^2}$

$= \frac{1200 \times 9.8}{\pi \times (0.048)^2}$

$= 6.5 \times 10^6$ N/m² Ans.

খ. ব্যবর্তন গুনাঙ্ক,

$\eta = \frac{F/A}{\theta}$

বা, $\theta = \frac{F}{\eta A} \frac{6.5 \times 10^6 N/m^2}{3 \times 10^{10}}$

$= 2.17 \times 10^{-4}$

$\tan\theta = \theta$

$= \frac{y}{x}$

বা, $y = \theta \times x$

$= (2.17 \times 10^{-4}) \times 5.3$ cm

$= 1.15$ mm Ans.

♦ 10^6 সংখ্যক 0.1 mm ব্যাসার্ধের পানির ফোঁটা মিলে একটি বড় ফোঁটায় পরিণত করতে কত শক্তি নির্গত হয়? [$T = 72 \times 10^{-3}$ Nm⁻¹] [বুয়েট ১৫-১৬]

সমাধান: $\frac{4}{3}\pi R^3 = n\frac{4}{3}\pi r^3$

বা, $R = r\sqrt[3]{n}$

$= 0.1\sqrt[3]{10^6}$

$= 10$ mm

$\Delta A = n\, 4\pi r^2 - 4\pi R^2$

$= 4\pi\,(nr^2 - R^2)$

$= 0.124$ m²

$W = \Delta AT$

$= 0.124 \times 72 \times 10^{-3}$

$= 8.96 \times 10^{-3}$ J (Ans.)

♦ ঘনকের বাহুর দৈর্ঘ্য 6 cm এবং $Y = 2 \times 10^{11}$ Nm⁻² হলে, 5 kg ভর ঘনকের নিচের তলের মাঝ বরাবর ঝুলালে আয়তন গুণাঙ্ক বের কর। [পয়সনের অনুপাত 0.4] [বুয়েট ১৫-১৬]

সমাধান: $Y = 3B(1 - 2\sigma)$

বা, $B = \frac{Y}{3(1 - 2\sigma)}$

$= 3.33 \times 10^{11}$ Nm⁻²

♦ 5m দৈর্ঘ্য এবং 1mm ব্যাস বিশিষ্ট তারে 25 kg ভরের ফলে দৈর্ঘ্য 0.1mm প্রসারিত হলে তারটির সঞ্চিত শক্তির পরিমাণ নির্ণয় কর। [বুয়েট ১৪-১৫]

সমাধান: $W = \frac{YAl^2}{2L}$

$= \frac{FL}{Al} \times \frac{Al^2}{2L}$

$= \frac{Fl}{2}$

$= \frac{25 \times 9.8 \times .1 \times 10^{-3}}{2}$

$= 0.01225$ J

Scanned with CamScanner

Educationblog24.com

♦ 2mm ব্যাসের একটি ইস্পাতের তার 20°C তাপমাত্রায় দুইটি বিন্দুর মধ্যে টান টান অবস্থায় রাখা আছে। যদি তাপমাত্রা 10°C এ নেমে আসে তাহলে তারটির মধ্যে কত টেনশন (বল) তৈরি হবে, বের কর। (ইস্পাতের দৈর্ঘ্য- বৃদ্ধি গুণাঙ্ক = 1.1×10^{-5} এবং তারটির ইয়ং এর গুণাংকে = 2.1×10^{11} N/m²). [বুয়েট ১৪-১৫]

সমাধান: সূত্রমতে ইয়ং এর গুণাংক $Y = \dfrac{\frac{F}{A}}{\frac{\Delta L}{L_0}}$

আবার,

$L_\theta = L_0(1 + \alpha\Delta\theta)$

বা, $\dfrac{L_\theta}{L_0} - 1 = \alpha\Delta\theta$

বা, $\dfrac{L_\theta - L_0}{L_0} = \alpha\Delta\theta$

$\therefore \dfrac{\Delta L}{L_0} = \alpha\Delta\theta$

$\therefore Y = \dfrac{\frac{F}{A}}{\alpha\Delta\theta}$

$\therefore F = YA\alpha\Delta\theta$

বা, $F = 2.1 \times 10^{11} \times \pi \left(\dfrac{2\times10^{-3}}{2}\right)^2 \times 1.1\times10^{-5} \times 10$

$= 72.57$ N

♦ একই পদার্থ ও ব্যাসার্ধের দুইটি তারের দৈর্ঘ্যের অনুপাত 1 : 2। যদি সমান বল দ্বারা তার দুইটিকে টানা হয়, তাহলে তার দুইটির বিকৃতির অনুপাত হবে- [বুয়েট ১৩-১৪]

A. 1 : 4 B. 1 : 2
C. 2 : 1 D. 1 : 1 Ans: B

সমাধান: একই পদার্থ Y = ধ্রুবক

$\dfrac{F}{A}$ = ধ্রুবক

$\therefore Y = \dfrac{F/A}{l/L}$ অনুযায়ী, $l \propto L$

$\therefore \dfrac{l_1}{L_1} = \dfrac{l_2}{L_2}$

বা, $\dfrac{L_1}{L_2} = \dfrac{l_1}{l_2}$

বা, $\dfrac{1}{2} = \dfrac{l_1}{l_2}$

$\therefore l_1 : l_2 = 1 : 2$

♦ 1 m দীর্ঘ ও 1 mm ব্যাসের একটি তারের দৈর্ঘ্য 0.05 cm বৃদ্ধি করা হলে তারটির ব্যাসহ্রাস পাবে- [Poisson ratio, γ = 0.25] [বুয়েট ১৩-১৪]

A. 1.25×10^{-7} m B. 1.25×10^{-7} cm
C. 12.5×10^{-7} m D. 1.25×10^{-7} mm Ans: A

সমাধান: $\gamma = \dfrac{dL}{Dl}$

বা, $d = \dfrac{\gamma Dl}{L}$

$= \dfrac{.25\times1\times10^{-3}\times.05\times10^{-2}}{1}$

$= 1.25 \times 10^{-7}$ m

♦ সীসার স্বাভাবিক ঘনত্ব 11.4 cm⁻³ এবং আয়তন গুণাংক 0.8×10^{10} Nm⁻² হলে, 2×10^8 Nm⁻² চাপে সীসার ঘনত্ব কত হবে? [বুয়েট ১৪-১৫]

সমাধান:

সীসার স্বাভাবিক ঘনত্ব $\rho = 11.4$ g cm⁻³

বা, 11400 kg m⁻³ আয়তন গুণাঙ্ক,

$B = 0.8 \times 10^{10}$ Nm⁻² ও চাপ 2×10^8 Nm⁻²

ধরি, সীসার স্বাভাবিক ভর ও আয়তন যথাক্রমে m ও V'

$\therefore \rho = \dfrac{m}{V}$

এখন চাপ বাড়লে ভর অপরিবর্তিত থাকে কিন্তু আয়তন পরিবর্তিত হয়। ফলে ঘনত্বের পরিবর্তন ঘটে। সুতরাং চাপ বাড়ার ফলে পরিবর্তনকৃত ঘনত্ব ও আয়তন ρ' ও V'

এখন আয়তন গুণাঙ্ক,

$B = \dfrac{PV}{\Delta V} = \dfrac{PV}{V - V'}$

বা, $\dfrac{V - V'}{V} = \dfrac{P}{B}$

$= \dfrac{2\times10^8}{0.8\times10^{10}}$

বা, $1 - \dfrac{V'}{V} = \dfrac{2\times10^8}{8\times10^9}$

বা, $\dfrac{V'}{V} = 0.975$

$\therefore V' = 0.975$ V

$\therefore$ নতুন ঘনত্ব $\rho' = \dfrac{m}{V}$

$= \dfrac{m}{0.975V}$

$= 11400 \times \dfrac{v}{0.975v}$

$= 11692.31$ kgm⁻³ (Ans.)

♦ 1.34×10^{-4}kg ভর এবং 4.4×10^{-3}m ব্যাস বিশিষ্ট একটি কাঁচের বল 0.943×10^3 kg/m³ ঘনত্ব বিশিষ্ট তেলের মধ্য দিয়ে সুষম বেগে 6.4s সময়ে 0.381m নীচে পড়ে। তেলের সান্দ্রতার সহগের মান নির্ণয় কর। [বুয়েট ১৪-১৫]

সমাধান: এখানে,

$r = 2.2 \times 10^{-3}$ m

$\rho = 0.943\times10^{-4}$kg

s = 0.331 m

t = 6.4

Scanned with CamScanner

Educationblog24.com

সান্দ্রতার সহগ গুণাংক,

$$\eta = \frac{2r^2g(\rho_s-\rho_t)}{9v}$$

$$= \frac{2r^2g\left(\frac{M}{\frac{4}{3}\pi r^3}-\rho_t\right)}{9\times\frac{s}{t}}$$

$$= \frac{2\times(2.2\times10^{-3})^2\times9.8\left(\frac{1.34\times10^{-4}}{\frac{4}{3}\times3.1416\times(2.2\times10^{-3})^3}-0.943\times10^3\right)}{9\times\frac{0.381}{6.4}}$$

$= 0.365\ kgm^{-1}s^{-1}$

◆ কাঁচ ও পারদের স্পর্শ কোণ θ হবে– [বুয়েট ১৩-১৪]

A. $0 < \theta < 90°$ B. $90° < \theta < 180°$
C. $\theta = 90°$ D. $\theta = 180°$ **Ans: B**

সমাধান: কাঁচ এবং পারদের স্পর্শ কোণ হচ্ছে স্থূলকোণ অর্থাৎ $90° < \theta < 180°$

◆ বল প্রয়োগের ফলে একটি তারের দৈর্ঘ্য 1% পরিবর্তন হলে, এর ব্যাস শতকরা কত ভাগ পরিবর্তিত হবে? পয়সনের অনুপাত 0.2. [বুয়েট ১২-১৩]

A. 1% B. 2%
C. 0.2% D. 5% **Ans: C**

সমাধান: $\sigma = \frac{\frac{d}{D}}{\frac{l}{L}}$

বা, $\frac{d}{D} = 0.2 \times \frac{0.01L}{L}$

বা, $\frac{d}{D} = 2\times10^{-3}$

$\therefore \frac{d}{D} = (2\times10^{-3})\times100 = 0.2\%$

◆ ℓ দৈর্ঘ্যের একটি বর্গাকার কাঠামোকে সাবানের পানিতে ডুবানো হল। যখন কাঠামোটিকে বাহিরে আনা হল তখন তার উপর একটি সাবানের ফিল্ম পাওয়া যায়। সাবানের দ্রবণের পৃষ্ঠটান T হলে কাঠামোটির উপর বলের মান হবে– [বুয়েট ১৩-১৪]

A. 8 Tℓ B. 4 Tℓ
C. 10 Tℓ D. 12 Tℓ **Ans: A**



সমাধান: এখানে,
মোট পানির স্পর্শ করে আছে এমন,
মোট দৈর্ঘ্য = 8 × ℓ = 8ℓ
∴ বল, F = 8Tℓ

◆ 50 km উঁচু থেকে পড়ন্ত দুটি শিলাপিন্ডের ব্যাসার্ধের অনুপাত 1 : 2। শিলাপিন্ড দুইটির অন্তবেগের অনুপাত হবে– [বুয়েট ১৩-১৪]

A. 1 : 9 B. 9 : 1
C. 4 : 1 D. 1 : 4 **Ans: D**

সমাধান: $v \propto r^2$

$\therefore \frac{v_1}{v_2} = \frac{r_1^2}{r_2^2}$

বা, $\frac{v_1}{v_2} = \frac{1}{4}$

◆ একটি স্টিলের তারের দৈর্ঘ্য 2m এবং প্রস্থচ্ছেদ $0.8\times10^{-6}m^2$। তারের একপ্রান্ত দৃঢ়ভাবে আটকানো আছে। অন্য প্রান্তে কত বল প্রয়োগ করলে তারের দৈর্ঘ্য 0.5 mm বৃদ্ধি পাবে। স্টিলের ইয়ং গুণাঙ্ক $2.0\times10^{11}\ N/m^2$। [বুয়েট ০৯-১০]

A. 8 N B. 4 N
C. 16 N D. 20 N
E. 40 N **Ans: E**

সমাধান: $Y = \frac{FL}{A\ell}$

বা, $F = \frac{YA\ell}{L}$

$= \frac{2\times10^{11}\times0.8\times10^{-6}\times0.5\times10^{-3}}{2}$

$= 40N$

◆ একই ধাতুর তৈরি দুটি গোলক যাদের একটির ব্যাসার্ধ অন্যটির দ্বিগুণ। গোলক দুটিকে তরল পদার্থে পূর্ণ একটি লম্বা জারের ভেতর দিয়ে পড়তে দেওয়া হলে ছোটটির তুলনায় বড় বলটির প্রান্তবেগ- [বুয়েট ১১-১২]

A. একই হবে B. দ্বিগুণ হবে
C. চারগুণ হবে D. অর্ধেক হবে **Ans: C**

সমাধান: টার্মিনাল গতি বা অন্ত্যবেগ,

$v = \frac{2r^2(\rho_1-\rho_2)g}{9\eta}$

$\therefore v \propto r^2$;

বড়টির ব্যাসার্ধ 2 গুণ, তাই টার্মিনাল গতি 4 গুণ হবে।

◆ 2 : 1 অনুপাতের ব্যাসবিশিষ্ট দুটি সাবান পানির বুদবুদের ভিতরকার অতিরিক্ত চাপের মান কত হবে? [বুয়েট ০৯-১০]

A. 1 : 2 B. 1 : 4
C. 2 : 1 D. 4 : 1 **Ans: A**

সমাধান: অতিরিক্ত চাপ, $P \propto \frac{1}{r}$

∴ 2 : 1 অনুপাত ব্যাসের বুদবুদের ভিতরের অতিরিক্ত চাপের অনুপাত 1 : 2।

Scanned with CamScanner

Educationblog24.com

◆ **সমান দৈর্ঘ্যে দুটি ইস্পাতের তারের ব্যাস যথাক্রমে 1.0 mm ও 2.0 mm। তার দুটিকে যথাক্রমে 40 N ও 80 N বল দ্বারা টানা হলে, এদের প্রসারণের অনুপাত নির্ণয় কর।** [বুয়েট ০৮-০৯]

সমাধান: এখানে তারের দৈর্ঘ্য সমান।

সুতরাং $L_1 = L_2$

ব্যাস যথাক্রমে,

$D_1 = 1mm$

$D_2 = 2mm$

তারদ্বয়ের প্রযুক্ত বল যথাক্রমে,

$F_1 = 40\ N$

$F_2 = 80\ N$

ইস্পাতের ইয়ং এর গুণাঙ্ক Y হলে,

$$Y = \frac{F_1L_1}{Al_1} = \frac{F_2L_2}{A_2l_2}$$

$$\therefore \frac{l_1}{l_2} = \frac{F_1L_1A_2}{A_1F_2L_2}$$

$$= \frac{F_1}{F_2} \times \frac{L_1}{L_2} \times \frac{A_2}{A_1}$$

$$= \frac{F_1}{F_2} \times \frac{L_1}{L_2} \times \frac{A_2}{A} [\because L_1 = L_2]$$

$$= \frac{F_1}{F_2} \times \frac{\left(\frac{1}{4}\pi D_2^2\right)}{\left(\frac{1}{4}\pi D_1^2\right)}$$

$$= \frac{F_1}{F_2} \times \left(\frac{D_2}{D_1}\right)^2$$

$$= \frac{40}{80} \times \left(\frac{2}{1}\right)^2$$

$$= \frac{40}{80} \times 4$$

$$= \frac{1}{2} \times 4$$

$$\frac{l_1}{l_2} = 1 : 2$$

$$\therefore l_2 : l_1 = 2 : 1$$

◆ **পানির আয়তন 0.1% সঙ্কুচিত করার জন্য কত চাপ প্রয়োগ করতে হবে? পানি আয়তন গুণাঙ্ক = 2100 MPa [1 MPa = 10^6 Pas call]** [বুয়েট ০৮-০৯]

A. 2.1×10^6Pa B. 2.1×10^8Pa

C. 2.1×10^5Pa D. 2.1×10^4Pa **Ans: A**

ব্যাখ্যা, $B = \frac{P}{\frac{v}{V}}$

বা, $2.1 \times 10^9 = \frac{P}{\frac{0.1}{100}}$

$\therefore P = 2.1 \times 10^6$Pa

◆ **কোন ধর্মের কারণে পানির ফোঁটা গোলাকৃতি হয়?** [বুয়েট ০৯-১০]

A. সান্দ্রতা B. স্থিতিস্থাপকতা

C. পৃষ্ঠটান D. কৌশিকতা **Ans: C**

◆ **সীসার স্বাভাবিক ঘনত্ব 11.4g cm^{-3} এবং আয়তন গুণাঙ্ক 0.8×10^{10} Nm^{-2} হলে $2 \times 10^8 Nm^{-2}$ চাপে সীসার ঘনত্ব কত হবে?** [বুয়েট ০৯-১০]

সমাধান: $B = \frac{dp}{\frac{dv}{v}} = \frac{dp}{\frac{dp}{\rho}}$

$$Dp = \frac{\rho dp}{B}$$

$$= \frac{11.4\times2\times10^8}{0.8\times10^{10}}$$

$$= 0.285 g\ cm^{-3}$$

$$\therefore \rho' = \rho + dp$$

$$= 11.4+0.285$$

$$= 11.685\ gcm^{-3}$$

◆ **পানির উপরিতলে রাখা 0.05 m দীর্ঘ একটি সুচকে টেনে তুলতে সর্বাধিক যে বলের প্রয়োজন- [পানির পৃষ্ঠটান = 72 $\times 10^{-3}$ Nm^{-1}]** [বুয়েট ০৮-০৯]

A. 7.2×10^{-3}N B. 3.6×10^{-3}N

C. 1.4×10^{-3}N D. 7.2×10^{-4}N **Ans: A**

সমাধান: $T = \frac{F}{2l}$

বা, $72\times10^{-3}\times2\times0.05 = F$

$\therefore F = 7.2 \times 10^{-3}$N

◆ **একই ধাতুর তৈরি দুটি গোলক যাদের একটির ব্যাসার্ধ অন্যটির দ্বিগুণ। গোলক দুটিকে তরল পদার্থে পূর্ণ একটি লম্ব জারের ভেতর দিয়ে পড়তে দেওয়া হলে ছোটটির তুলনায় বড় বলটির টার্মিনাল গতি-** [বুয়েট ১১-১২]

A. একই হবে B. দ্বিগুণ হবে

C. চারগুণ হবে D. অর্ধেক হবে **Ans: C**

সমাধান: আমরা জানি,

$$v = \frac{2r^2}{g} \frac{(\rho_s-\rho_f)g}{\eta}$$

বা, $v \propto r^2$

যেহেতু একটি ব্যাসার্ধ অপরটির দ্বিগুণ তাই টার্মিনাল গতি হবে চারগুন।

◆ **2.5m দীর্ঘ একটি ইস্পাতের সুষম তারের ভর 16gm এবং ঘনত্ব 7800 kg/m^3। 80N বলে টানা দিলে তারটির দৈর্ঘ্য প্রসারণ হয় 1.2mm। ঐ তারের মধ্যে সঞ্চিত স্থিতিশক্তি কত?** [ইঞ্জি (গুচ্ছ) ২২-২৩]

A. 4.8×10^{-2} J B. 4.8 L

C. 4.8×10^2 J D. 48 L

E. 480 J **Ans: A**

Scanned with CamScanner

Educationblog24.com

সমাধান: আমরা জানি,

$U = \frac{1}{2}F\ell$

$= \frac{1}{2} \times 80 \times 1.2 \times 10^{-3}$

$= 0.048$ J

$= 4.8 \times 10^{-2}$ J

এখানে,
$L = 2.5$m
$m = 16$ gm $= 0.016$ kg
$\rho = 7800$ kg/m^3
$F = 80$N
$\ell = 1.2$ mm $= 1.2 \times 10^{-3}$m

♦ কোন এক পার্কের একটি দোলনায় ঝুলতে লোহার তার ব্যবহার করা হয়েছে। কয়েকজন ছেলে-মেয়ে দোলনায় যখন দোল খাচ্ছিল তখন এক বাচ্চার অভিভাবক লক্ষ্য করেন যে, ঝুলন তার 1m থেকে বৃদ্ধি পেয়ে 1.01m হয়েছে এবং তারটির ব্যাস হ্রাস পেয়েছে। পয়সনের অনুপাত 0.2 হলে দোলনার তারের ব্যাস কতখানি হ্রাস পায়? [ইঞ্জি (গুচ্ছ) ২২-২৩]

A. 0.15% B. 0.18%
C. 2.5% D. 0.25%
E. 0.2%

Ans: E

সমাধান: আমরা জানি,

$\sigma = \frac{\frac{\Delta d}{d}}{\frac{\Delta L}{L}}$

বা, $\frac{\Delta d}{d} = \sigma \times \frac{\Delta L}{L}$

$= 0.2 \times \frac{0.01}{1}$

$= 2 \times 10^{-3}$

এখানে,
$L = 1$m
$\Delta L = 1.01 - 1 = 0.01$m
$\sigma = 0.2$
$\left(\frac{\Delta d}{d}\right)\% = ?$

∴ শতকরা ব্যাস হ্রাস,

$\left(\frac{\Delta d}{d}\right)\% = 2 \times 10^{-3} \times 100\%$

$= 0.2\%$

♦ একটি সাবানের বুদবুদের ব্যাসার্ধ 1 সে.মি. হতে বাড়িয়ে 10 সে.মি. করতে কত কাজ সম্পন্ন করতে হবে? [সাবান পানির পৃষ্ঠটান $= 2.6 \times 10^{-2}$ নিউটন/মিটার][কুয়েট ১৯-২০]

সমাধান: পৃষ্ঠের ক্ষেত্রফল বৃদ্ধি,

$\Delta A = 2 \times (4\pi R^2 - 4\pi r^2)$

[∵ সাবানের 2টি পৃষ্ঠ থাকে]

বা, $2 \times 4\pi \times (0.1^2 - 0.01^2) = 0.2488$ m^2

∴ কৃতকাজ $W = \Delta AT$

$= 0.2488 \times 2.6 \times 10-2$

$= 6.469 \times 10^{-3}$J

♦ 800 kgm^{-3} ঘনত্ব ও 10^{-4} m ব্যাসার্ধের একটি তেল ফোঁটা 1.5 kgm^{-3} ঘনত্ব ও 1.85×10^{-5} Nsm^{-2} সান্দ্রতা গুণাঙ্কের বায়ুর মধ্য দিয়ে পড়লে উহার প্রান্তিক বেগ কত? [কুয়েট ১৮-১৯]

A. 1.14×10^{-4} m/s B. 0.94 m/s
C. 9.4 m/s D. 94 m/s
E. 800 m/s

Ans: B

সমাধান: $V_t = \frac{2r^2(\rho_s - \rho_f)g}{9\eta}$

$= \frac{2 \times (10^{-4})^2 \times (800 - 1.5) \times 9.8}{9 \times 1.85 \times 10^{-5}}$

$= 0.94$ ms^{-1}

♦ 10 cm ব্যাসার্ধের একটি পারদ ফোঁটাকে 10^6 সমআয়তন ফোঁটায় বিভক্ত করা হলো। এতে কি পরিমাণ কাজ সম্পাদিত হলো। [পারদের পৃষ্ঠটান $= 0.55$ Nm^{-1}]। [কুয়েট ১৮-১৯]

A. 10^{-3} J B. 6.84×10^{-3} J
C. 68.39×10^{-3} J D. 0.684 J
E. 6.84 J

Ans: E

সমাধান:

$W = 4\pi R^2(N^{1/3} - 1)\, T$

$= 4 \times 3.14 \times (0.1)^2 \{(10^6)^{1/3} - 1\} \times 0.55$

$= 6.838$ J

♦ 2m দীর্ঘ ঝুলন্ত একটি তারের নিচের প্রান্তে 10 kg ভর ঝুলালে এর দৈর্ঘ্য 0.6 mn বাড়ে। তারের উপাদানের ইয়ং এর গুণাঙ্ক 2×10^{11} Nm^{-2} হলে তারের ব্যাসার্ধ কোনটি? [কুয়েট ১৮-১৯]

A. 1.28 mm B. 0.52 mm
C. 0.06 cm D. 0.84 cm
E. 0.72 mm

Ans: E

সমাধান: $Y = \frac{FL}{Al} = \frac{mgL}{\pi r^2 l}$

বা, $r = \sqrt{\frac{mgL}{Y\pi l}}$

বা, $r = \sqrt{\frac{10 \times 9.8 \times 2}{2 \times 10^{11} \times 3.14 \times 0.6 \times 10^{-3}}}$

$= 0.721 \times 10^{-3}$ m

$= 0.721$ mm

♦ 2.2m দীর্ঘ ঝুলন্ত একটি তারের নিচের প্রান্তে 8.4kg ভর ঝুলালে এর দৈর্ঘ্য 0.52mm বাড়ে। তারের উপাদানের ইয়াং গুণাঙ্ক 2×10^{11}N/m^2 হলে, তারের প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল নির্ণয় কর। [কুয়েট ১৭-১৮]

A. 1.568×10^{-6}m^2 B. 1.48mm^2
C. 1.6×10^{-2}cm^2 D. 1.74×10^{-6}m^2
E. 2×10^{-6}m^2

Ans: D

সমাধান: $Y = \frac{FL}{Al}$

বা, $A = \frac{MgL}{Yl}$

$= \frac{8.4 \times 9.8 \times 2.2}{2 \times 10^{11} \times 0.52 \times 10^{-3}}$

$= 1.74 \times 10^{-6}$ m^2

Scanned with CamScanner

Educationblog24.com

◆ তার্পিন তেলের পৃষ্ঠটান 27×10^{-3}N/m এবং ঘনত্ব 0.87×10^3kg/m³। যদি 5.8×10^{-5}m ব্যাসের একটি কৈশিক নলের গাত্রের সাথে স্পর্শ কোণ 22° হয়, তবে নলটিতে তার্পিন তেল কত উচ্চতায় উঠবে নির্ণয় করো। [কুয়েট ১৭-১৮]

A. 20.25 cm B. 20 cm
C. 0.28 m D. 0.18 m
E. 18.2 cm

Ans: A

সমাধান: $T = \dfrac{r\rho g\left(h + \frac{r}{3}\right)}{2\cos\theta}$

বা, $h = \dfrac{2T\cos\theta}{r\rho g} - \dfrac{r}{3}$

বা, $h = \dfrac{2 \times 27 \times 10^{-3} \times \cos 22°}{2.9 \times 10^{-5} \times 0.87 \times 10^3 \times 9.8} - \left(\dfrac{5.8 \times 10^{-5}}{6}\right)$

$\therefore h = 0.202$ m বা 20.25 cm

◆ প্রতিটি 1 mm ব্যাসর্ধের আটটি বৃষ্টির ফোঁটা 5 cm/s প্রান্তিক বেগে পতনশীল। যদি আটটি ফোঁটা একত্রিত হয়ে একটি বড় ফোঁটায় পরিণত হয়, তাহলে নির্গত শক্তির পরিমাণ নির্ণয় কর। দেওয়া আছে, পানির পৃষ্টান $= 7.4 \times 10^{-2}$ N/m. [কুয়েট ১৬-১৭]

সমাধান: নির্গত শক্তি:

$W = 4\pi (Nr^2 - R^2) \times T$

$= 4\pi (Nr^2 - N^{2/3}r^2) \times T$

$= 4 \times \pi \times r^2 (N - N^{2/3}) \times T$

$= 4 \times \pi \times (1 \times 10^{-3})^2 \times (8 - 8^{2/3}) \times 7.4 \times 10^{-2}$ J

$= 3.72\ 10^{-6}$ J

◆ 5m দৈর্ঘ্য এবং 1 mm ব্যস বিশিষ্ট তারে 100 kg ভর চাপালে দৈর্ঘ্য 0.3 mm প্রসারিত হয়। তারটির সঞ্চিত শক্তির পরিমাণ কত? [কুয়েট ১৬-১৭]

A. 0.0147 J B. 0.03 J
C. 0.147 J D. 5 J
E. 100 J

Ans: C

সমাধান: $w = \dfrac{1}{2} \times$ প্রযুক্ত বল $\times$ দৈর্ঘ্য বৃদ্ধি

$= \dfrac{1}{2} \times mg \times l$

$= \dfrac{1}{2} \times 100 \times 9.8 \times 0.3 \times 10^{-3}$

$= 0.147$ J

◆ 0.5×10^{-3}m ব্যাসার্ধের একটি কৈশিক কাঁচনল পারদে ডুবালে নলের মধ্যে পারদের অবনমন 6.753×10^{-3}m হয়। কাঁচের সাথে পারদের স্পর্শ কোণ কত? (পারদের পৃষ্ঠ টান $= 0.47$ Nm⁻¹ এবং ঘনত্ব $= 13.6 \times 10^3$ kg m⁻³) [কুয়েট ১৬-১৭]

A. 103.85° B. 106.69°
C. 118.6° D. 120.6°
E. 125.6°

Ans: C

সমাধান: $T = \dfrac{r\rho gh}{2\cos\theta}$

বা, $\cos\theta = \dfrac{r\rho gh}{2T}$

$= \dfrac{0.5\times10^{-3}\times13.6\times10^3\times9.8\times(-6.753\times10^{-3})}{2\times0.47}$

$\therefore \theta = 118.6°$

◆ 2m দৈর্ঘ্য এবং 1 mm² প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বিশিষ্ট একটি তারকে টেনে 0.11 mm প্রসারিত করতে প্রয়োজনীয় কাজের পরিমাণ কত? [ইয়াং এর গুণাঙ্ক $= 2 \times 10^{11}$ N/m²] [কুয়েট ১৫-১৬]

A. 6.05×10^{-4}J B. 6×10^{-3}N
C. 5.03×10^{-4} J D. 6.05 J
D. 3.03×10^{-4}N

Ans: A

সমাধান:

$w = \dfrac{1}{2} \times \dfrac{YAl^2}{L}$

$= \dfrac{1}{2} \times 2 \times 10^{11} \times \dfrac{1 \times 10^{-6}}{2} \times (0.11 \times 10^{-3})^2$

$= 6.05 \times 10^{-4}$J

◆ 1.4m দীর্ঘ এবং 10^{-6}m² প্রস্থচ্ছেদের একটি সুষম ধাতব তার টেনে 4×10^{-3}m প্রসারিত করতে সম্পাদিত কাজের পরিমাণ কত? [$Y = 2 \times 10^{11}$ N/m²] [কুয়েট ১৪-১৫]

A. 1.066 J B. 1.143 J
C. 1.15 N/m² D. 1.143 N/m²
E. 1.066 N/m²

Ans: B

সমাধান: $W = \dfrac{YAl^2}{2L}$

$= \dfrac{1}{2} \times 2 \times 10^{11} \times 10^{-6} \times \dfrac{(4 \times 10^{-3})^2}{1.4}$

$= 1.143$J

◆ 0.2 mm ব্যাস বিশিষ্ট পানির 1000 ক্ষুদ্র ফোঁটা মিলে একটি বৃহৎ ফোঁটা তৈরি করে। বৃহৎ ফোঁটাটি তৈরি করতে নির্গত শক্তি নির্ণয় কর। [পানির পৃষ্ঠটান $= 72 \times 10^{-3}$ Nm⁻¹] [কুয়েট ১৩-১৪]

A. 82 ergs B. 81.31 J
C. 81.46 ergs D. 81 dynes
E. 80.2 ergs

Ans: C

সমাধান: ব্যাসার্ধ,

$r = \dfrac{2\times10^{-3}}{2} = 1 \times 10^{-4}$ m

এখন,

$R = \sqrt[3]{mr^3} = \sqrt[3]{1000 \times r^3}$

$= 10r$

$= 10^{-3}$m

Scanned with CamScanner

Educationblog24.com

$w = \Delta AT$

$= 4\pi (nr^2 - R^2) \times T$

$= 4\pi [1000 \times (10^{-4})^2 - (10^{-3})^2] \times 72 \times 10^{-3}$

$= 8.143 \times 10^{-6} J$

$= 8.143 \times 10^{-6} \times 10^7$ erg

$= 81.4$ erg

♦ 1.5×10^6 gm ভরের একটি লিফট একটি ইস্পাতের তারের সাহায্যে ঝুলানো আছে। উপরে উঠার সময় লিফটের সর্বোচ্চ ত্বরণ 1.2 m/ses² এবং অসহপীড়ন 3.0×10^8 n/m² হলে তারের সর্বনিম্ন ব্যাসার্ধ কত? [চুয়েট ১৩-১৪]

A. 4.33×10^{-3} m B. 4.19×10^{-3} m

C. 3.7×10^{-3} m D. None Ans: B

সমাধান: $F = m(g + a)$

$= 1.5 \times 10^3 (9.8 + 1.2)$

$= 16500N$

$A = \frac{F}{Amncxob}$

$= \frac{16500}{3 \times 10^8}$

$= 5.5 \times 10^{-5} g^2$

$\therefore r = \sqrt{\frac{5.5 \times 10^{-5}}{\pi}}$

$= 4.19 \times 10^{-3}$ m

♦ 3 m দৈর্ঘ্য এবং 1mm ব্যাসবিশিষ্ট একটি ধাতব তারকে 10 kg ওজন দ্বারা টানা হলো। যদি ইহার উপাদানের ইয়াং- এর গুণাঙ্ক এবং পয়সনের অনুপাত যথাক্রমে 12.5×10^{11} dynes/cm² ও 0.26 হয় তাহলে এর পার্শ্বীয় সংকোচন বের করো। [চুয়েট ১১-১২]

A. 2.6×10^{-5}cm B. 2.6×10^{-8}cm

C. 2.6×10^{-7}cm D. None Ans: A

সমাধান: $F = \frac{YA\ell}{L}$

বা, $\ell = \frac{FL}{YA}$

$= \frac{10 \times 9.8 \times 3}{12.5 \times 10^{10} \times \pi \times (0.5 \times 10^{-3})^2}$

$= 2.995\times10^{-3}$m

$\sigma = \frac{L\Delta r}{r\Delta L}$

বা, $\Delta r = \frac{\sigma r\Delta L}{L}$

$= \frac{0.26\times1\times10^{-3}\times2.995\times10^{-3}}{3}$

$= 2.6\times10^{-5}$cm

♦ 3×10^{-3}m ব্যাসার্ধের একটি সাবানের বুদবুদের পৃষ্ঠশক্তি নির্ণয় করো। সাবানের মিশ্রণের পৃষ্ঠটান 20×20^{-3}Nm. [চুয়েট ১১-১২; ১২-১৩]

A. 4.52×10^{-6}joules B. 2.26×10^{-6} joules

C. 1.13×10^{-6} joules D. None Ans: D

সমাধান: পৃষ্ঠশক্তি = পৃষ্ঠটান

♦ প্রতিটি 10^{-4}m ব্যাসবিশিষ্ট পানির 1000 ক্ষুদ্র ফোঁটা মিলে একটি বৃহৎ ফোঁটা তৈরি করলো। বৃহৎ ফোঁটার ব্যাসার্ধ কত? [চুয়েট ১০-১১]

A. 10^{-2}m B. $\frac{1}{10}$m

C. 5×10^{-4}m D. None of these Ans: C

সমাধান: $\frac{4}{3}\pi R^3 = n \times \frac{4}{3}\pi r^3$

বা, $R^3 = n \times r^3$

$= 1000 \times \left(\frac{10^{-4}}{2}\right)^3$

$\therefore R = 10 \times \frac{10^{-4}}{2}$

$= 5 \times 10^{-4}$m

♦ যেসব বস্তু হতে প্রযুক্ত বল অপসারণ করলে এদের বিকৃত অবস্থায় পরিবর্তন হয় না তাদের কি বস্তু বলে? [চুয়েট ০৯-১০]

A. সমদিকধর্মী বস্তু B. অসমদিকধর্মী বস্তু

C. পূর্ণদৃঢ় বস্তু D. নমনীয় বস্তু Ans: D

♦ কত তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি? [চুয়েট ০৯-১০]

A. 4°C B. –4°C

C. 4°F D. 273°K Ans: A

♦ কোন ধর্মের কারণে পানির ফোঁটা গোলাকৃতি হয়? [রুয়েট ১৪-১৫]

A. স্থিতিস্থাপকতা B. সান্দ্রতা

C. তলটান D. কৈশিকত্ব

E. None Ans: C

সমাধান: পৃষ্ঠটান/তলটানের জন্য পানির ফোঁটা গোলাকার হয়।

♦ 0.25 cm ব্যাসবিশিষ্ট একটি স্টিল ও একটি ব্রাসের তার প্রদত্ত চিত্র অনুযায়ী ভার বহন করছে। উক্ত ভরের জন্য স্টিল ও ব্রাসের তারের সম্প্রসারণ নির্ণয় কর। স্টিল এবং ব্রাস এর ইয়ং গুণাঙ্ক যথাক্রমে $E_s = 2000 \times 10^9$ N/m² এবং $E_b = 120 \times 10^9$ N/m²। [রুয়েট ১৮-১৯]



Scanned with CamScanner

Educationblog24.com

সমাধান: Steel এর জন্য :

$F_1 = m_1 g = (15 + 10) \times 9.8 \text{ N} = 25 \times 9.8 \text{ N}$

$Y = \frac{F_1 L_1}{A_1 l_1}$

বা, $l_1 = \frac{F_1 L_1}{Y_1 A_1}$

$= \frac{25 \times 9.8 \times 1.5}{200 \times 10^9 \times 3.14 (0.125 \times 10^{-2})^2} \text{ m}$

$= 3.74 \times 10^{-4}$ m Ans.

Brass এর জন্য :

$F_2 = 10 \times 9.8$ N

$l_1 = \frac{F_2 L_2}{Y_2 A}$

$= \frac{10 \times 9.8 \times 1}{120 \times 10^9 \times 3.14 (0.125 \times 10^{-2})^2}$

$= 1.66 \times 10^{-4}$ m Ans.

♦ 1 cm^2 প্রস্থচ্ছেদ বিশিষ্ট তামার তারকে টেনে দ্বিগুণ লম্বা করতে কত বলের প্রয়োজন হবে? ($Y=2\times10^{11}$ N/m^2) [রুয়েট ১৪-১৫]

A. 107 N
B. 2×10^7 N
C. 3×10^7 N
D. 4×10^7 N
E. None

Ans: B

সমাধান: $y = \frac{FL}{Al}$

বা, $y = \frac{F}{A}$

বা, $F = Ay$

$= 1.10^{-4} \times 2 \times 10^{11}$

বা, $F = 2 \times 10^7$ N

♦ একটি তারের দৈর্ঘ্য 2 m এবং প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল 1 mm^2। তারটির প্রান্তে 20 N বল প্রয়োগ করলে এর দৈর্ঘ্য বৃদ্ধি কত? [রুয়েট ১৩-১৪]

A. 0.2×10^{-4}m
B. 2.0×10^{-4}m
C. 2.0×10^{-5}m
D. 0.2×10^{-5}m
E. None

Ans: B

সমাধান: $l = \frac{FL}{AY}$

$= \frac{20 \times 2}{1 \times 10{-6} \times 2 \times 10^{11}}$

$= 2 \times 10^{-4}$m

♦ 10 m লম্বা এবং 1 mm ব্যাসবিশিষ্ট একটি তারকে 100 N বল দ্বারা টানা হলো। তারটির দৈর্ঘ্য কতটুকু বৃদ্ধি পাবে বের কর। [$Y = 2\times10^{11}$ Nm^{-2}] [রুয়েট ১০-১১]

A. 6.4×10^{-3}m
B. 6.4×10^{-4}m
C. 6.4×10^{-5}m
D. 6.4×10^{-6}m
E. 6.4×10^{-2}m

Ans: A

সমাধান: $Y = \frac{FL}{A\ell}$

বা, $\ell = \frac{F\ell}{AY}$

বা, $\ell = \frac{100\times10}{\frac{1}{4}\pi(10^{-3})^2 \times 2\times10^{11}}$

$\therefore \ell = 6.4 \times 10^{-3}$m

♦ প্রতিটি 10^{-4}m ব্যাস বিশিষ্ট পানির 1000 ক্ষুদ্র ফোঁটা মিলে একটি বৃহৎ ফোঁটা তৈরি করল। বৃহৎ ফোঁটার ব্যাসার্ধ কত? [রুয়েট ১৩-১৪]

A. 10^{-4}m
B. 0.1 m
C. 5×10^{-4} m
D. 5×10^{-2} m
E. None

Ans: C

সমাধান: $r = \frac{10^{-4}}{2} = 5 \times 10^{-5}$ m

বা, $R = \sqrt[3]{n}\, r$

$= \sqrt[3]{10^3} \times 5 \times 10^{-5}$

$= 5\times10^{-4}$m

♦ নিচের কোনটি মাত্রাগতভাবে স্থিতিস্থাপক গুণাঙ্কের সমতুল্য? [রুয়েট ১১-১২]

A. Stress
B. Strain
C. Surface tension
D. Acceleration
E. None

Ans: A

সমাধান: স্থিতিস্থাপক গুণাঙ্ক = $\frac{\text{পীড়ন}}{\text{বিকৃতি}}$; বিকৃতির মাত্রা নেই।

♦ পারদের আয়তন গুণাঙ্ক 2.2×10^{10} Nm^{-2}। এক লিটার পারদের আয়তন 2×10^{-6} Nm^{-3} হ্রাস করতে (i) কী পরিমাণ কাজ করতে হবে? (ii) পারদে কী পরিমাণ স্থিতিশক্তি সঞ্চিত হবে? [রুয়েট ০৬-০৭]

সমাধান: এখানে,

পারদের আয়তন গুণাঙ্ক, $B = 2.2 \times 10^{10} Nm^{-2}$

আয়তন, $v = 1 \text{ L} = 1 \text{ dm}^3 = 1 \times 10^{-3}$ m

আয়তনহ্রাস, $v = 2 \times 10^{-6} \text{ m}^3$

আমরা জানি,

$B = \frac{\frac{F}{A}}{\frac{v}{V}}$

বা, $\frac{F}{A} = B \times \frac{v}{V}$

$= 2.2 \times 1010 \times \frac{2 \times 10^{-6}}{1 \times 10^{-3}}$

$= 44 \times 10^{-6}$ Nm^{-2}

Scanned with CamScanner

Educationblog24.com

(i) কৃতকাজ,

$E = \frac{1}{2} \times$ পীড়ন $\times$ বিকৃতি

$= \frac{1}{2} \times \frac{F}{A} \times \frac{v}{V}$

$= \frac{1}{2} \times 44 \times 10^6 \times \frac{2 \times 10^{-6}}{1 \times 10^{-3}}$

$= 44 \times 10^{-6}$ J

(ii) পারদের সঞ্চিতি স্থিতি শক্তি, $E = 44 \times 10$ J

◆ একটি স্টীলের তারের দৈর্ঘ্য 2m এবং প্রস্থচ্ছেদ $0.8 \times 10^{-6} m^2$। তারের এক প্রান্ত দৃঢ়ভাবে আটকানো আছে। অন্য প্রান্তে কত বল প্রয়োগ করলে তারের দৈর্ঘ্য 0.5 mm বৃদ্ধি পাবে। স্টীলের ইয়ং এর গুণাঙ্ক $= 2.0 \times 10^{11} N/m^2$। [রুয়েট ০৯-১০]

A. 8N B. 4N
C. 16N D. 20N
E. 40 N **Ans: E**

সমাধান: $Y = \frac{FL}{A\ell}$

বা, $F = \frac{YA\ell}{L}$

$= \frac{2 \times 10^{11} \times 0.8 \times 10^{-6} \times 0.5 \times 10^{-3}}{2}$

$= 40N$

◆ বৃষ্টির পানির একটি ফোঁটা বায়ুর মধ্য দিয়ে পতিত হচ্ছে। ফোঁটাটির অন্তঃবেগ $1.5 cms^{-1}$, বায়ুর সান্দ্রতা সহগ 1.8×10^{-3} এবং বায়ুর ঘনত্ব 1.21×10^{-3} gm/cc হলে পানির ফোঁটার ব্যাসার্ধ কতো? [রুয়েট/কুয়েট/চুয়েট ২০-২১]

A. 1.11×10^{-4}cm B. 1.11×10^{-3}cm
C. 11.11×10^{-6}cm D. 1.24×10^{-6}cm
E. 1.11×10^{-5}cm **Ans: B**

সমাধান: আমরা জানি,

$v = \frac{2r^2 (\rho_w - \rho_a)g}{9\eta}$

বা, $r^2 = \frac{9\eta v}{2g(\rho_w - \rho_a)}$

বা, $r^2 = \frac{9 \times 1.8 \times 10^{-4} \times 1.5}{2 \times 980 \times (1 - 1.21 \times 10^{-3})}$

বা, $r^2 = 1.24 \times 10^{-6}$ cm^2

বা, $r = 1.11 \times 10^{-3}$ cm

◆ তরল ও কঠিন পদার্থের মধ্যকার স্পর্শকোণের মান কত হলে তরল পদার্থ কঠিন পদার্থকে ভেজাবে না? [মেডিকেল ২২-২৩]

A. 120° B. 0°
C. 40° D. 60° **Ans: A**

সমাধান: বরফে lattice সজ্জা পানির অণুসমূহকে তরলের চেয়ে দূরে ছড়িয়ে দেয়, যার কারণে বরফে ঘনত্ব কম।

◆ দুইটি ভিন্ন পদার্থের তৈরি সমান দৈর্ঘ্যের (2m) এবং সমান ব্যাসের (1 mm) দুইটি তার সিরিজে সংযুক্ত আছে। যে পরিমাণ বল প্রয়োগ করলে এদের সম্মিলিত দৈর্ঘ্য 0.9 mm বৃদ্ধি পাবে তার মান বের কর। [$Y_1 = 2 \times 10^{11}$] N/m^2 ও $Y_2 = 7 \times 10^{11}$ N/m^2] [রুয়েট/কুয়েট/চুয়েট ২০-২১]

A. 219.8 N B. 635.85 N
C. 2189×10^8 N D. 109.9 N
(E) 6.36 N **Ans: ***

সমাধান: এখানে,

$Y_{eq} = \frac{2Y_1Y_2}{Y_1+Y_2} = \frac{FL}{Al}$

বা, $\frac{2Y_1Y_2}{Y_1 + Y_2} = \frac{FL}{Al}$

বা, $= \frac{F \times 4}{\pi \times (0.5 \times 10^{-3})^2 \times 0.9 \times 10^{-3}}$

বা, $F = 54.98N$

◆ পানি বরফে রূপান্তর করা হলে তার ঘনত্ব– [মেডিকেল ১৯-২০]

A. কমে B. বাড়ে
C. শূন্য হয় D. একই থাকে **Ans: A**

সমাধান: বরফে lattice সজ্জা পানির অণুসমূহকে তরলের চেয়ে দূরে ছড়িয়ে দেয়, যার কারণে বরফে ঘনত্ব কম।

◆ বিভিন্ন পদার্থের অণুগুলোর মধ্যে পারস্পরিক আকর্ষণ বলকে বলে– [মেডিকেল ১৬-১৭]

A. সংসক্তি বল B. আণবিক পরাশক্তি
C. আসঞ্জণ বল D. আসঞ্জণ শক্তি **Ans: C**

সমাধান: যেমন–একটি পাত্রে পানি রাখলে পাত্রের অণু ও পানির অণুর মধ্যে যে আকর্ষণ বল ক্রিয়া করে তা-ই আসঞ্জন বল। একই পদার্থের বিভিন্ন অণুর মধ্যে পারস্পরিক আকর্ষণ বলকে সংসক্তি বা সংযুক্তি বল বলে।

◆ কোনটি রাসায়নিক বন্ধনের প্রকার ভেদে পড়ে না? [মেডিকেল ১৩-১৪, ১১-১২, ০৬-০৭]

A. সন্নিবেশ আয়নিক বন্ধন
B. আয়নিক বন্ধন
C. সমযোজী বন্ধন
D. সন্নিবেশ সমযোজী বন্ধন **Ans: A**

সমাধান: রাসায়নিক বন্ধন মূলত ৪ প্রকার :
১. তড়িৎযোজী বা আয়নিক বন্ধন বা ইলেক্ট্রোভ্যালেন্ট; ২. সমযোজী বা সহযোজীবন্ধন বা কোভ্যালেন্ট; ৩. সন্নিবেশ বা সন্নিবেশ সমযোজী বন্ধন বা কো-অর্ডিনেট ও ৪. ধাতব বন্ধন এছাড়াও রয়েছে :
১. H_2 বন্ধন
২. ভ্যানডার-ওয়াল্‌স আকর্ষণ বল ও
৩. ডাইপোল আকর্ষণ বল।

Scanned with CamScanner

Educationblog24.com

◆ আয়নিক যৌগসমূহের বিদ্যুৎ পরিবাহিতার ক্ষেত্রে নিম্নের কোনটি সঠিক নয়? [মেডিকেল ১৩-১৪]

A. কঠিন অবস্থায় বিদ্যুৎ পরিবাহী
B. দ্রবণে বিদ্যুৎ পরিবাহী
C. গলিত অবস্থায় বিদ্যু পরিবাহী
D. গলনাঙ্ক অত্যন্ত উচ্চ **Ans: A**

সমাধান: আয়নিক যৌগের অন্যান্য বৈশিষ্ট্য :

১. সকল আয়নিক যৌগ কঠিন অবস্থায় কেলাস বা স্ফটিকাকারে থাকে।
২. এরা সমরূপতা দেখায়।
৩. পোলার দ্রাবকে দ্রবণীয়, অপোলার দ্রাবকে অদ্রবণীয়।
পোলার দ্রাবক- H_2O, তরল NH_3, HNO_3, তরল H_2SO_4
অপোলার দ্রাবক- CCl_4, C_6H_6, হেপ্টেন C_7H_{14}, কেরোসিন, ডিজেল ইত্যাদি।
৪. গলিত অবস্থায় বা দ্রবণে বিদ্যুৎ পরিবাহী। কঠিন অবস্থায় আয়নিক যৌগসমূহ বিদ্যুৎ অপরিবাহী।
৫. আয়নিক স্ফটিকসমূহ ভঙ্গুর হয়।
৬. রাসায়নিক বিক্রিয়ার গতি বেশি (দ্রবণে)।
৭. এদের অণু আয়নিত অবস্থায় থাকে।

◆ একটি যৌগের গলণাঙ্ক 10°C, যা পানিতে অদ্রবণীয় কিন্তু জৈব দ্রাবকে দ্রবণীয়। এতে কোন ধরণের বন্ধন বিদ্যমান? [মেডিকেল ১১-১২, ০৫-০৬]

A. সমযোজী B. ধাতব
C. আয়নিক D. সন্নিবেশ **Ans: A**

সমাধান: নিচের সমযোজী যৌগের বৈশিস্ট্যগুলো লক্ষ্য কর:

১. নিম্ন গলনাঙ্ক, স্ফুটনাঙ্ক বিশিষ্ট ও উদ্বায়ী।
২. পোলার দ্রাবকের অদ্রবণীয়, অপোলার দ্রাবকে দ্রবণীয়।
৩. তড়িৎ অপরিবাহী।
৪. সমানুতা দেখা যায়।
সমযোজী যৌগসমূহের ভিন্ন ভিন্ন আকৃতি আছে।

সাধারণত সমযোজী যৌগের গলনাংক 350°C এর নিচে হয়ে থাকে।
যেহেতু যৌগের গলনাংক 10°C এবং পানিতে অদ্রবণীয় সুতরাং যৌগটি একটি সমযোজী যৌগ।

◆ আয়নিক যৌগের জন্য নিম্নের কোনটি সঠিক নয়? [মেডিকেল ০৯-১০]

A. স্ফটিকসমূহ ভঙ্গুর
B. বিক্রিয়ার গতি মন্থর
C. স্ফুটনাংক খুব বেশি
D. কঠিন অবস্থায় স্ফটিকাকার **Ans: B**

সমাধান: A, C, D সঠিক। B সঠিক নয় কারণ, আয়নিক যৌগের ক্ষেত্রে বিক্রিয়ার গতি অত্যন্ত দ্রুত।

◆ সমযোজী (covalent compound) যৌগ সম্বন্ধে নিম্নের কোন বাক্যটি সঠিক নয়? [মেডিকেল ১১-১২, ০৫-০৬]

A. সমযোজী যৌগ বিদ্যুৎ পরিবাহী
B. সমযোজী যৌগসমূহের ভিন্ন ভিন্ন আকৃতি আছে
C. সমযোজী যৌগের গলণাঙ্ক কম
D. সমযোজী যৌগ জৈব দ্রবণে দ্রবণীয় **Ans: A**

সমাধান: সমযোজী বন্ধনের বৈশিষ্ট্য :

১. নিম্ন গলনাঙ্ক, স্ফুটনাঙ্ক বিশিষ্ট ও উদ্বায়ী।
২. পোলার দ্রাবকের অদ্রবণীয়, অপোলার দ্রাবেক দ্রবণীয়।
৩. তড়িৎ অপরিবাহী।
৪. সমানুতা দেখা যায়।
৫. সমযোজী যৌগসমূহের ভিন্ন ভিন্ন আকৃতি আছে।

◆ স্পর্শ কোণ যদি সূক্ষণ কোণ হয় তবে নিম্নের কোন বৈশিষ্ট্য সঠিক নয়? [মেডিকেল ০৯-১০]

A. তরলটি নলের গাত্র স্পর্শ করবে না।
B. কোহেসিভ বল, এডহেসিভ বলের চাইতে বড় হয়।
C. কৌশিক নলে তরলের পৃষ্ঠদেশ অবতল হবে।
D. কৈশিক নলে তরলের অধঃক্ষেপ হয়। **Ans: A, D**

সমাধান: B ও C সঠিক। A সঠিক নয়। কারণ, তরলটি নলের গাত্র স্পর্শ করবে। D সঠিক নয়। কারণ, স্পর্শকোণ সূক্ষ্ম কোণ হলে কৈশিক নলে তরলের উর্ধ্বারোহন বা অধিক্ষেপ হয়।
যে সব তরল কাঁচ নলকে ভিজায় তাদের ক্ষেত্রে স্পর্শকোণ সূক্ষকোণ হয়। তাই A অপশনের তথ্যটি সঠিক নয়।

◆ স্থিতিস্থাপক গুণাঙ্কের ক্ষেত্রে নিম্নের কোনটি সঠিক নয়? [মেডিকেল ১১-১২]

A. $\frac{\text{পীড়নের একক}}{\text{বিকৃতির একক}} = Nm^{-2}$
B. ইস্পাত রাবারের চেয়ে বেশি স্থিতিস্থাপক
C. ব্যবর্তন পীড়ন $\frac{F}{A}$
D. চাপ বৃদ্ধিতে সব সময় বস্তু সংকোচিত হয় না **Ans: D**

সমাধান: D সঠিক নয়, কেননা চাপ বৃদ্ধিতে সব সময় বস্তু সংকোচিত হয়।

◆ সান্দ্রাতাংকের উপর তাপমাত্রা ও চাপের প্রভাবের ক্ষেত্রে কোনটি সঠিক নয়? [মেডিকেল ১৩-১৪]

A. তরল পদার্থের সান্দ্রতা তাপমাত্রা বৃদ্ধির সাথে দ্রুতহ্রাস পায়
B. গ্যাসের সান্দ্রতা গ্যাস অণুসমূহের গড় বেগের সমানুপাতিক
C. গ্যাসের সান্দ্রতাংক চাপের উপর নির্ভরশীল
D. চাপ বৃদ্ধি পেলে তরল পদার্থের সান্দ্রতাংক বৃদ্ধি পায় **Ans: C**

সমাধান:

		বাড়লে তাপমাত্রা	বাড়লে চাপ
সান্দ্রতা	তরল	↓	↑
	গ্যাস	↑	×

Scanned with CamScanner

Educationblog24.com

♦ SI পদ্ধতিতে পীড়নের একক কোনটি?

[মেডিকেল ১৫-১৬; খুবি ১২-১৩]

A. Nm^{-2} B. Nm

C. Nm^{-1} D. $\frac{m}{N}$ Ans: A

সমাধান: পীড়ন = $\frac{\text{বল}}{\text{ক্ষেত্রফল}}$ → পীড়নের S.I একক Nm^{-2}

♦ নিম্নের কোন জোড়াটি স্থিতিস্থাপকতার জন্য সঠিক?

[মেডিকেল ১০-১১]

পদার্থ	দৃঢ়তার গুণাঙ্ক (10^{10} Nm^{-2})
A. অ্যালুমিনিয়াম	2.6
B. নিকেল	0.56
C. ইস্পাত	3.1
D. সীসা	3.5

Ans: A

♦ নিম্নের কোনটি স্থিতিস্থাপকতার জন্য সঠিক সমীকরণ?

[মেডিকেল ১০-১১]

A. $Y = \frac{pV}{v}$ B. $W = \frac{dL}{DL}$

C. $\eta = \frac{F}{A\theta}$ D. $\sigma = \frac{MgL}{\pi r^2 L}$ Ans: C

♦ স্থিতিস্থাপক সীমার মধ্যে বস্তুর ব্যবর্তন পীড়ন ও ব্যবর্তন বিকৃতির অনুপাত হচ্ছে– [ডেন্টাল ২০-২১]

A. দৃঢ়তার গুনাঙ্ক B. আয়তন গুনাঙ্ক

C. ইয়ং-এর গুনাঙ্ক D. পয়সনের অনুপাত Ans: A

সমাধান: স্থিতিস্থাপক সীমার মধ্যে বস্তুর ব্যবর্তন পীড়ন ও ব্যবর্তন বিকৃতির অনুপাত হলো দৃঢ়তার গুণাঙ্ক।

♦ প্রতিটি 10^{-4} m ব্যাসবিশিষ্ট পানির 1000টি ক্ষুদ্র ফোঁটা মিলে একটি বৃহৎ ফোঁটা তৈরি করল। বৃহৎ ফোঁটার ব্যাসার্ধ কত? [ডেন্টাল ১৯-২০]

A. 5×10^{-4} m B. 1/10 m

C. 10^{-2} m D. 10×10^{-4} m Ans: D

সমাধান: বৃহৎ ফোঁটার ব্যাসার্ধ,

$R = \sqrt[3]{N} \times r$

$= \sqrt[3]{1000} \times 10^{-4}$

$= 1 \times 10^{-3}$ m

বা 10×10^{-4} m

♦ যদি স্পর্শ কোণ 90° এর কম হয়, তবে তরলের পৃষ্ঠ কেমন হবে? [ডেন্টাল ১৭-১৮]

A. উত্তল B. অবতল

C. সমতলাবতল D. সমতলোত্তল Ans: B

সমাধান: স্পর্শ কোণ 90° এর কম। অর্থাৎ, সূক্ষ্মকোণ হলে তরল পৃষ্ঠ অবতল। স্পর্শ কোণ 90° বেশি অর্থাৎ স্থূলকোণ হলে তরল পৃষ্ঠ উত্তল।

♦ পয়সনের অনুপাতের সঠিক সীমা কোনটি? [ডেন্টাল ১৬-১৭]

A. 1 হতে 2 এর মধ্যে

B. -1 হতে $\frac{1}{2}$ এর মধ্যে

C. -1 হতে $+1$ এর মধ্যে

D. $-\frac{1}{2}$ হতে 1 এর মধ্যে Ans: B

সমাধান: পয়সনের অনুপাতের মান - 1 থেকে কম অথবা 1/2 হতে বেশি হতে পারে না।

♦ পারদ ও কাঁচের মধ্যবর্তী স্পর্শ কোণ কত?

[ডেন্টাল ১৬-১৭; বাকৃবি ১৪-১৫]

A. 104° B. 14°

C. 140° D. 40° Ans: C

সমাধান: ১. পানি ও কাঁচের মধ্যবর্তী স্পর্শ কোণ প্রায় 8°।

২. রূপা ও পানির মধ্যবর্তী স্পর্শ কোণ প্রায় 90°।

৩. পারদ ও কাঁচের মধ্যবর্তী স্পর্শ কোণ প্রায় 140°।

♦ নিম্নের কোনটি সমযোজী যৌগের ধর্ম নয়? [ডেন্টাল ০৯-১০]

A. গলনাংক অনেক কম

B. উদ্বায়ী

C. পোলার দ্রাবকে অদ্রবণীয়

D. বিদ্যুৎ পরিবাহী Ans: D

♦ রাসায়নিক বন্ধন সংক্রান্ত নিম্নের কোন তথ্য সঠিক নয়?

[ডেন্টাল ০৮-০৯]

A. σ-বন্ধন নির্দিষ্ট প্রসাতি থাকে

B. π- বন্ধনের চেয়ে σ-বন্ধন বেশি দৃঢ়

C. σ-বন্ধন তৈরি পরে π-বন্ধন তৈরি হয়

D. π-বন্ধন σ-বন্ধনের চেয়ে দৃঢ়তর Ans: D

♦ স্থিতিস্থাপক সীমার মধ্যে পদার্থের দৈর্ঘ্য পীড়ন এবং দৈর্ঘ্য বিকৃতির অনুপাতের ধ্রুব সংখ্যা নিম্নের কোন গুণাঙ্ক দ্বারা প্রকাশিত? [ডেন্টাল ০৯-১০]

A. আয়তন B. ইয়ং

C. স্থিতিস্থাপক D. দৃঢ়তার Ans: B

সমাধান: স্থিতিস্থাপক সীমার মধ্য পদার্থের দৈর্ঘ্য পীড়ন এবং দৈর্ঘ্য বিকৃতির অনুপাত একটি ধ্রুব সংখ্যা। একে ইয়ং এর গুণাঙ্ক বলে। এই ধ্রুব সংখ্যাকে ইয়ং এর গুণাঙ্ক দ্বারা প্রকাশিত।

$\frac{\text{দৈর্ঘ্য পীড়ন}}{\text{দৈর্ঘ্য বিকৃতি}}$ = ইয়ং এর গুণাঙ্ক। সুতরাং উত্তর B (ইয়ং)

♦ স্থিতিস্থাপক গুণাঙ্কের মাত্রা কি? [ঢাবি ২০-২১]

A. MLT^{-1} B. $ML^{-1}T^{-1}$

C. MLT^{-2} D. $ML^{-2}T^{-2}$ Ans: B

সমাধান: $Y = \frac{F}{A}$

$= \frac{MLT^{-2}}{L^2}$

Scanned with CamScanner

Educationblog24.com

◆ বৃষ্টির ফোঁটা প্রান্তিক অর্জন করে নিচের কোনটির কারণে? [ঢাবি ১৯-২০]

A. পৃষ্ঠটানের জন্য
B. বায়ুর সান্দ্রতার জন্য
C. বায়ুর উর্ধ্বমুখী টানের জন্য
D. কোনোটিই নয় Ans: B

সমাধান: সান্দ্রতার কারণে বৃষ্টির ফোঁটার বাধাদানকারী বল বৃদ্ধি পায়। ফোঁটাটির নীট ত্বরণ শূন্য হয়। তখন ফোঁটাটি ধ্রুব বেগে পতিত হয়ে প্রান্তিক বেগ অর্জন করে।

◆ গ্যাসের সান্দ্রতা গুণাঙ্ক তাপমাত্রা বৃদ্ধির সাথে– [ঢাবি ১৯-২০]

A. বৃদ্ধি পায়
B. কমে
C. অপরিবর্তিত থাকে
D. কোনোটিই সত্য নয় Ans: C

সমাধান: গ্যাসের ক্ষেত্রে, $\eta \propto \sqrt{T}$

◆ পতনশীল বৃষ্টি বিন্দু প্রান্তীয় বেগ লাভ করে– [ঢাবি ১৯-২০]

A. বায়ুর উর্ধ্বঘাতের জন্য
B. বায়ুর সান্দ্রতার জন্য
C. বায়ুর পৃষ্ঠটানের জন্য
D. বায়ুমণ্ডলের চাপের জন্য Ans: B

◆ একটি তারের প্রস্থচ্ছেদের ক্ষেত্র 1 mm^2 এবং অসহভার 40 kg। তারের অসহ পীড়ন– [ঢাবি ১৯-২০]

A. 4×10^{-6} Mm^{-2}
B. 2.92×10^{-4} Mm^{-2}
C. 3.92×10^{8} Mm^{-2}
D. 4×10^{7} Mm^{-2} Ans: C

সমাধান: অসহ পীড়ন $= \frac{\text{অসহ বল}}{\text{ক্ষেত্রফল}}$

$= \frac{40 \times 9.8}{(10^{-3})^2}$

$= 3.92 \times 10^{8}$ Mm^{-2}

◆ 50 km উঁচু থেকে পড়ন্ত দুটি শিলাপিণ্ডের ব্যাসার্ধের অনুপাত 1 : 2। শিলাপিণ্ড দুটির অন্তবেগের অনুপাত হবে– [ঢাবি ১৯-২০]

A. 1 : 9 B. 9 : 1
C. 4 : 1 D. 1 : 4 Ans: D

সমাধান: $v \propto r^2$

এখন, $\frac{v_1}{v_2} = \frac{r_1^2}{r_2^2} = \frac{1^2}{2^2} = \frac{1}{4}$

◆ নিচের কোনটি সঠিক? [ঢাবি ১৬-১৭]

A. $U = \frac{1}{2}\frac{1}{L}Y$ B. $U = \frac{1}{2}\frac{YAl^2}{L}/AL$
C. $U = \frac{1}{2}Al$ D. $U = \frac{1}{2}\frac{Al}{L}$ Ans: B

◆ একটি তারের ইয়ং এর গুণাংক 4×10^{11} N/m^2। তারটির দৈর্ঘ্য 7.5% বাড়াতে কী পরিমাণ পীড়ন প্রয়োজন হবে? [ঢাবি ১৭-১৮]

A. 7.5×10^{11} N/m^2 B. 3×10^{10} N/m^2
C. 5.33×10^{10} N/m^2 D. 4×10^{10} N/m^2 Ans: B

সমাধান: $Y = \frac{FL}{Al}$

$\therefore \frac{F}{A} = \frac{Yl}{L}$

$= \frac{4 \times 10^{11} \times 7.5}{100}$

$= 3 \times 10^{10}$ Nm^{-2}

◆ ইয়াং এর গুণাঙ্ক হলো– [ঢাবি ১৬-১৭; জাবি ১৩-১৪]

A. $Y = \frac{F/A}{L/l}$ B. $Y = \frac{F/A}{l/L}$
C. $Y = \frac{A/F}{l/L}$ D. $Y = \frac{F/A}{m/l}$ Ans: B

◆ একটি কৈশিক নলের ব্যাস 0.04×10^{-4} m. এর এক প্রান্ত পানিতে ডুবালে পানি নলের ভিতর 0.082 m উপরে উঠে। পানির তল টান কত? দেয়া আছে, স্পর্শ কোণ = 0° এবং পানির ঘনত্ব $= 1.0 \times 10^3$ kg/m^3. [ঢাবি ১২-১৩]

A. 8.5×10^{-4} N/m B. 7.5×10^{-4} N/m
C. 9.0×10^{-4} N/m D. 8.0×10^{-4} N/m Ans: D

সমাধান:

তলটান, $T = \frac{hr\rho g}{2\cos\theta}$

বা, $T = \frac{0.082 \times \left(\frac{0.04 \times 10^{-4}}{2}\right) \times 1 \times 10^3 \times 9.8}{2\cos 0°}$

বা, $T = 8.0 \times 10^{-4}$ N/m

◆ একটি তারের উপর টান F হলে দৈর্ঘ্যবৃদ্ধি হয় x. তারটি যদি হুকের সূত্র মেনে চলে এবং তারের উপাদানের ইয়ং গুণাংক Y হয় তবে তারে সঞ্চিত বিভব শক্তি কত? [ঢাবি ১২-১৩]

A. $\frac{1}{2}Yx$ B. Yx
C. $\frac{1}{2}Fx$ D. Fx Ans: C

◆ একটি কাঁচ পৃষ্ঠের উপর পানি ঢাললে তা যতটা ছড়ায় দুধ ততটা ছড়ায় না। এর কারণ– [ঢাবি ০৯-১০]

A. সান্দ্রতা B. পৃষ্ঠটান
C. উভয় D. কোনটিই নয় Ans: B

◆ 1m দীর্ঘ ও 10^{-2} cm^2 প্রস্থচ্ছেদ বিশিষ্ট একটি তারকে 2 kg ওজন দ্বারা টানা হল। তারটির দৈর্ঘ্য বৃদ্ধি নির্ণয় কর। (ইয়ং এর গুণাংক $Y = 2 \times 10^{11}$ Nm^{-2}) [ঢাবি ১১-১২]

A. 9.8×10^{-5}m B. 9.8×10^{-2}m
C. 2×10^{-5}m D. 2×10^{-2} m Ans: A

Scanned with CamScanner

Educationblog24.com

সমাধান: $Y = \frac{FL}{Al}$

বা, $l = \frac{mgL}{YA}$

$= \frac{2 \times 9.8 \times 1}{2 \times 10^{11} \times 10^{-2} \times 10^{-4}}$

$= 9.8 \times 10^{-5}$ m

♦ 5 মিটার দৈর্ঘ্য এবং 1 mm^2 প্রস্থচ্ছেদ বিশিষ্ট একটি তারে 20 kg ভর ঝুলিয়ে দেয়া হল। এতে তারের দৈর্ঘ্য 2 mm বৃদ্ধি পেলে তারটির ইয়ং গুণাংকের মান কত? [ঢাবি ০৯-১০]

A. 5×10^{11} dyne/cm^2
B. 20×10^{12} dyne/cm^2
C. 4.9×10^{12} dyne/cm^2
D. 5.6×10^{12} dyne/cm^2 Ans: C

সমাধান: $Y = \frac{mgL}{Al}$

♦ দুটি কৈশিক নলের মধ্যে একটি অপরটির থেকে বেশি সরু। দুটোকেই খাড়াভাবে পানির মধ্যে আংশিক ডোবানো হলে বেশি সরুটির ভিতর পানির স্তম্ভের উচ্চতা বেশি হয়। এর কারণ– [ঢাবি ০৮-০৯]

A. সরু নলে বায়ুচাপ কমে যায়
B. সরু নলে পানির ঘনত্ব কমে যায়
C. এখানে পানির পৃষ্ঠটান নলের ব্যাসের বর্গের উপর নির্ভরশীল কিন্তু পানির স্তম্ভের ওজন ব্যাসের উপর নির্ভরশীল (প্রায়)
D. এখানে পানির পৃষ্ঠটান নলের ব্যাসের উপর নির্ভরশীল কিন্তু পানির স্তম্ভের ওজন ব্যাসের বর্গের উপর নির্ভরশীল (প্রায়)
Ans: D

♦ তরলের ক্ষেত্রে সান্দ্রতা সহগের সংগে তাপমাত্রার সম্পর্ক হচ্ছে– [ঢাবি ০৮-০৯]

A. $\eta \propto \sqrt{T}$ B. $\eta \propto T$
C. $\eta \propto T^2$ D. None of those Ans: D

সমাধান: তাপমাত্রা বৃদ্ধির সাথে সাথে সান্দ্রতা সহগের মান হ্রাস পায়। গ্যাসের ক্ষেত্রে $\eta \propto \sqrt{T}$

♦ একটি 1m তারের ব্যাসার্ধ 0.5m। ঐ তারে বল প্রয়োগ করলে 0.02m দৈর্ঘ্য বৃদ্ধি পায়, কিন্তু ব্যাসার্ধ 0.05m কমে যায়। পয়সনের অনুপাত হবে– [ঢাবি ০৮-০৯]

A. 0.2 B. 1
C. 0.01 D. 5 Ans: D

সমাধান: $\sigma = \frac{dL}{Dl}$

$= \frac{0.05 \times 1}{0.5 \times 0.02}$

$= 5$

♦ নিচের কোনটি বিকৃতির একক? [ঢাবি প্রযুক্তি ২১-২২]

A. N/m^2 B. Nm^2
C. N/m D. কোনটিই নয় Ans: D

সমাধান: বিকৃতি : কোন একটি বস্তুর উপর বল প্রয়োগে এর একক মাত্রায় যে পরিবর্তন ঘটে তাকে বিকৃতি বলে।

- বিকৃতি স্কেলার রাশি।
- মাত্রা ও একক নেই।

♦ 2m দৈর্ঘ্য এবং 1 mm^2 প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বিশিষ্ট একটি তারে 20 kg ভর ঝুলিয়ে দেওয়ার ফলে তারটির দৈর্ঘ্য 2 mm বৃদ্ধি পেলে তারটির ইয়ং এর গুণাঙ্কের মান কত? [ঢাবি (প্রযুক্তি) ২০-২১]

A. 5×10^{11} N/m^2 B. 1.96×10^{11} N/m^2
C. 1.96×10^{12} N/m^2 D. 5×10^{12} N/m^2 Ans: B

সমাধান: $Y = \frac{FL}{Al}$

$= \frac{20 \times 9.8 \times 2}{1 \times 10^{-6} \times 2 \times 10^{-3}} Nm^{-2}$

$= 1.96 \times 10^{11} Nm^{-2}$

♦ তলটানের বা পৃষ্ঠটানে মাত্রা কোনটি? [ঢাবি(৭ কলেজ) ২০-২১; জাবি ১৪-১৫; চবি ১১-১২, ১৫-১৬; কুবি ১৬-১৭]

A. $[MT^{-2}]$ B. $[MT^2L^{-1}]$
C. $[MLT^{-1}]$ D. $[ML^{-1}T^{-2}]$ Ans: A

সমাধান: তলটানের মাত্রা $[MT^{-2}]$ এবং একক Nm^{-1}।

♦ কোন পয়সনের অনুপাতের ক্ষেত্রে সত্য? [ঢাবি(৭ক) ১৭-১৮; ইবি ১৯-২০; কুবি ১০-১১]

A. $-\frac{1}{2} < \sigma < 1$ B. $-1 < \sigma < \frac{1}{2}$
C. $\frac{1}{2} < \sigma < 1$ D. $1 < \sigma < 2$ Ans: B

♦ পানির পৃষ্ঠটান 7.28×10^{-2} Nm^{-1} ধরলে 0.002 m ব্যাসার্ধের একটি বৃষ্টির ফোঁটার বাইরের অপেক্ষা ভিতরের চাপ কতটুকু বেশি হবে? [ঢাবি.গার্হস্থ্য ১৭-১৮]

A. 7.28 Pa B. 72.8 Pa
C. 0.728 Pa D. 0.0728 Pa Ans: B

সমাধান: $P = \frac{2T}{R}$

বা, $P = \frac{2 \times 7.28 \times 10^{-2}}{0.002}$

$\therefore P = 72.8$ Pa

♦ ব্লাক বোর্ডে চক দিয়ে লেখার সময় চক বোর্ডে লেগে যায়, এটি কী ধরনের আকর্ষণ বল? [ঢাবি.গার্হস্থ্য ১৭-১৮]

A. সংসক্তি B. আসঞ্জন
C. অভিকর্ষ D. কোনোটিই নয় Ans: B

সমাধান: আসঞ্জন বল =
(i) ব্লাক বোর্ডের গায়ে চক লেগে থাকা।
(ii) গ্লাসের গায়ে পানির ফোঁটা।

Scanned with CamScanner

Educationblog24.com

◆ 1 দৈর্ঘ্য ও r ব্যাসার্ধের একটি তারের এক প্রান্ত স্থির রেখে অপর প্রান্তে m ভর ঝুলালে তারটির ইয়ং-গুণাঙ্ক (Y) 200 GPa। তারটির ব্যাসার্ধ অর্ধেক করলে Y-এর মান— [GST ২২-২৩]

A. অর্ধেক হবে B. দ্বিগুণ বাড়বে
C. পরিবর্তন হবে না D. চারগুণ বাড়বে Ans: C

সমাধান: ইয়ং-গুণাঙ্ক বস্তুর উপাদানের উপর নির্ভরশীল। নির্দিষ্ট উপাদানের জন্য নির্দিষ্ট তাই, ব্যাসার্ধের পরিবর্তনেও, ইয়ং-গুণাঙ্ক অপরিবর্তিত থাকে।

◆ সান্দ্রতা গুনাঙ্কের মাত্রা কোনটি? [গুচ্ছ বি. ২০-২১; জবি ৯-১০, ১৩-১৪; রাবি ১৩-১৪, ১৪-১৫; বেরোবি ১৭-১৮]

A. $ML^{-2}T^{-1}$ B. $ML^{-1}T^{-1}$
C. $ML^{-2}T$ D. $ML^{-1}T^{-3}$ Ans: A

◆ ইয়ং গুণাঙ্ক (Young's modulus) এর মাত্রা (dimension) কোনটি? [জবি ১৭-১৮]

A. $[ML^{-1}T^{-1}]$ B. $[MLT^{-2}]$
C. $[ML^{-1}T^{-2}]$ D. কোনোটিই নয় Ans: C

সমাধান: মাত্রা, $[Y] = [ML^{-1}T^{-2}]$
একক $= Nm^{-2}$

◆ একই পদার্থের বিভিন্ন অণু (molecule)-র মধ্যে পারস্পরিক আকর্ষণ বল (mutual attractive force) কে কি বলে? [জবি ১৬-১৭]

A. আসঞ্জন বল B. পৃষ্ঠশক্তি
C. সংসক্তি বল D. পৃষ্ঠটান Ans:C

সমাধান: একই পদার্থের বিভিন্ন অণুর মধ্যে পারস্পরিক আকর্ষণ বলকে সংসক্তি বল (Cohesive force) বলে। বিভিন্ন পদার্থের অণুগুলোর মধ্যে পারস্পরিক আকর্ষণ বলকে আসঞ্জন বল (Adhesive force) বলে।

◆ তাপমাত্রা বৃদ্ধি পেলে তল টান (Surface tension)- [জবি ১৫-১৬]

A. বৃদ্ধি পায় B. শূন্য হয়
C. হ্রাস পায় D. স্থির থাকে Ans: C

◆ এক টুকরা কর্কযুক্ত 0°C তাপমাত্রার একটি বরফখণ্ড বরফ-পানিতে ভাসমান। বরফখণ্ডটি গলে গেলে পানির স্তরের উচ্চতা : [জবি ১৪-১৫]

A. বৃদ্ধি পাবে B. কমে যাবে
C. সমান থাকবে
D. আদি অবস্থায় পানি ও বরফের অনুপাতের উপর নির্ভরশীল Ans: C

◆ গ্যাসের সান্দ্রতা এবং তাপমাত্রার মধ্যে সম্পর্ক কি? [জবি ১০-১১]

A. $\eta \propto \sqrt{T}$ B. $\eta \propto T$
C. $\eta \propto \frac{1}{T}$ D. $\eta \propto \frac{1}{\sqrt{T}}$ Ans: A

◆ একটি সিলিন্ডারে রাখা একটি আদর্শ গ্যাসের অনুগুলোর বর্গমূল-গড়-বর্গবেগ u। গ্যাসে তাপ প্রয়োগের ফলে চাপ 9 গুণ বৃদ্ধি পেল। সিলিন্ডারের আয়তন অপরিবর্তিত থাকলে গ্যাসের অনুগুলোর পরিবর্তিত বর্গমূল-গড়-বর্গবেগ কত? [জবি ১৪-১৫]

A. 9u B. 6u
C. $\sqrt{3}u/2$ D. 3u Ans: D

সমাধান: $u = \sqrt{\frac{3P}{\rho}}$;
এখানে ρ একই থাকবে।
$\therefore u' = \sqrt{\frac{27P}{\rho}} = 3\sqrt{\frac{3P}{\rho}} = 3u$

◆ কোন তারের দৈর্ঘ্য 3m এবং ভর 20g। 50 N টানে ঐ তারের দৈর্ঘ্য 1mm বাড়ে। তারের ঘনত্ব $7.5 \times 10^{+3}$ kg/m^3 হলে, এর উপাদানের ইয়ং গুনাংক নির্ণয় কর। [জবি ০৮-০৯]

A. 2.69×10^{11} N/m² B. 1.69×10^{11} N/m²
C. 4×10^{11} N/m² D. 3×10^{11} N/m² Ans: B

Hints: $Y = \frac{FL}{A\ell} = \frac{FL}{\frac{m}{\rho}}$

$\rho = \frac{m}{v}$; $v = A\ell$
$\rho = \frac{m}{A\ell}$
$A\ell = \frac{m}{\rho}$

◆ পৃষ্ঠশক্তির একক কোনটি? [জাবি (A) ২০-২১]

A. Nm^{-1} B. $N^{-1}m$
C. Nm D. Nm^{-2} Ans: A

◆ পানির উপরিতলে রাখা 3 cm দীর্ঘ সুইকে টেনে তুরতে সর্বাধিক কত বল দরকার? $[T = 72 \times 10^{-3}$ Nm^{-3} $Nm^{-1}]$ [জাবি ১৮-১৯]

A. 4.9×10^{-3} N B. 4.32×10^{-3} N
C. 2.16×10^{-3} N D. 3.3×10^{-3} N Ans: B

সমাধান: $T = \frac{F}{2l}$
বা, $F = 2Tl = 4.32 \times 10^{-3}$ N

◆ তামার কাঠিন্যের গুণাংক η = [জাবি ১৭-১৮]

A. 4×10^{10} Nm^{-2} B. 5×10^{10} Nm^{-2}
C. 6×10^{10} Nm^{-2} D. 7×10^{10} Nm^{-2} Ans: A

◆ 0.35 cm ব্যাসার্ধবিশিষ্ট একটি স্থিতিস্থাপক দড়ির দৈর্ঘ্য স্থিতিস্থাপক সীমার মধ্যে $\frac{1}{20}$ অংশ বৃদ্ধি করতে 10N বলের প্রয়োজন হয়। দড়ির ইয়ং এর গুণাংক বের কর। [জাবি ১৭-১৮]

A. 5.199×10^6 Nm^{-2}
B. 6.199×10^6 Nm^{-2}
C. 8.199×10^6 Nm^{-2}
D. 8.199×10^2 Nm^{-2} Ans: A

Scanned with CamScanner

Educationblog24.com

সমাধান: $Y = \frac{FL}{Al}$

$= \frac{10 L}{\pi \times (3.5 \times 10^{-3})^2 \times \frac{L}{20}}$

$= \frac{20 \times 10}{\pi(3.5 \times 10^{-3})^2}$

$= 5.196 \times 10^6 \approx 5.199 \times 10^6 Nm^{-2}$

♦ $1mm^2$ প্রস্থচ্ছেদের একটি তারে 10kg ভর ঝুলানো আছে। ভর ঝুলানো অবস্থায় তারটির দৈর্ঘ্য 4.02m। ভরটি সরিয়ে নিলে তারটির দৈর্ঘ্য 0.02m কমে যায়। তারের ইয়ং এর গুণাংক কত? [জাবি ১৭-১৮]

A. $1.96 \times 10^{11} Nm^{-2}$
B. $1.96 \times 10^{10} Nm^{-2}$
C. $1.96 \times 10^{13} Nm^{-2}$
D. $1.96 \times 10^{19} Nm^{-2}$ Ans: B

সমাধান: $Y = \frac{Fl}{Al}$

$= \frac{10 \times 9.8 \times 4.02}{10^{-6} \times 0.02}$

$= 1.96 \times 10^{10} Nm^{-2}$

♦ পৃষ্ঠটানের মাত্রা সমীকরণ- [জাবি ১৭-১৮]

A. MT^2 B. MT^{-2}
C. MT^{-3} D. MLT^{-2} Ans: B

♦ একটি তারের উপাদানের ইয়ং এর গুনাংক $2 \times 10^{11} Nm^{-2}$ এবং তারটির ব্যাস 0.4mm। তারটির দৈর্ঘ্য 25% বৃদ্ধি করতে কত বল প্রয়োজন? [জাবি ১৭-১৮]

A. 62.8N B. 65.8N
C. 70.5N D. 80.6N Ans:

সমাধান:

$F = \frac{YAl}{L}$

$= \frac{Y\pi r^2 l}{L}$

$= \frac{2 \times 10^{11} \times 3.4 \times (0.2 \times 10^{-3})^2 \times 0.25 L}{L}$

$= 6283.2N$

$= 62.8 \times 10^2 N$

♦ 1 mm^2 প্রস্থচ্ছেদ বিশিষ্ট একটি ইস্পাতের তারের দৈর্ঘ্য 5% বৃদ্ধি করতে কত বল প্রয়োগ করতে হবে? [জাবি ১৭-১৮]

A. 10^4N B. 10^5N
C. 10^6N D. 10^7N Ans: A

সমাধান: $F = \frac{YAl}{L}$

$= \frac{2 \times 10^{11} \times 10^{-6} \times 5}{100}$

$= 10^4 N$

♦ 1 mm^2 প্রস্থচ্ছেদ ক্ষেত্রফল বিশিষ্ট একটি ইস্পাতের দৈর্ঘ্য 10% বৃদ্ধি করতে কত বল প্রয়োগ করতে হবে? [$Y = 2 \times 10^{11} Nm^{-2}$] [জাবি ১৭-১৮]

A. $2 \times 10^4 N$ B. $6 \times 10^4 N$
C. $8 \times 10^4 N$ D. $12 \times 10^4 N$ Ans: A

সমাধান: $F = \frac{YAl}{L}$

$= \frac{2 \times 10^{11} \times 1 \times 10^{-6} \times 0.1 L}{L}$

$= 2 \times 10^4 N$

♦ একটি তারের দৈর্ঘ্য 3m, ব্যাস 0.002m, অসহ পীড়ন $6 \times 10^7 Nm^{-2}$। তারটির অসহ ওজন কত? [জাবি ১৭-১৮]

A. 190.4N B. 170.4N
C. 188.4N D. 200.4N Ans: C

সমাধান: অসহ ওজন = অসহ পীড়ন × প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল

$= 6 \times 10^7 \times 3.14 \times (0.001)^2$

$= 188.4 N$

♦ 1 m লম্বা 31 mm ব্যাসের একটি তারের দৈর্ঘ্য বৃদ্ধি 0.025 cm হলে, তারটির ব্যাস কতটুকু হ্রাস পাবে? [জাবি ১৬-১৭]

A. 2.5×10^{-6} cm B. 2×10^{-5} cm
C. 2×10^6 cm D. 2×10^{-7} cm Ans: A

সমাধান: $d = \frac{\sigma lD}{L}$

$= \frac{0.1 \times 0.025 \times 10^{-2} \times 1 \times 10^{-3}}{1}$

$= 2.5 \times 10^{-8}$ m

$= 2.5 \times 10^{-6}$ cm

♦ 1m লম্বা 31 mm ব্যাসের একটি তারের দৈর্ঘ্য বৃদ্ধি 0.025 cm হলে তারটির ব্যাস কতটুকু হ্রাস পাবে? [জাবি ১৬-১৭]

A. 2×10^{-6} cm B. 2×10^{-5} cm
C. 2×10^6 cm D. 2×10^{-7} cm Ans: D

সমাধান: $d = \frac{\sigma lD}{L} = \frac{0.1 \times 0.025 \times 10^{-2} \times 1 \times 10^{-3}}{1}$

$= 2.5 \times 10^{-8}$ m

$= 2.5 \times 10^{-6}$ cm

♦ 10m লম্বা এবং 1mm ব্যাসবিশিষ্ট একটি তারকে 100N বল দ্বারা টানা হল। তারটির দৈর্ঘ্য কত বৃদ্ধি পাবে? [$Y = 2 \times 10^{11} Nm^2$] [জাবি ১৬-১৭]

A. 6.4×10^{-3}m B. 6.4×10^{-2}m
C. 6.4×10^{-4}m D. 6.4×10^{-5}m Ans: A

Hints: $Y = \frac{FL}{A\ell}$

বা, $\ell = \frac{Y\pi r^2}{FL}$

Scanned with CamScanner

Educationblog24.com

◆ সাবান পানির পৃষ্ঠটান 3×10^{-2} Nm^{-1}। একটি সাবান পানির বুদবুদের বাইরের ও ভিতরের চাপের পার্থক্য $4Nm^{-2}$ হলে বুদবুদটির ব্যাস হবে- [জাবি ১৫-১৬]

A. 3×10^{-2} m B. 2×10^{-2} m
C. 6×10^{-2} m D. কোনটিই নয় Ans: C

সমাধান: $P = \frac{4T}{R}$

বা, $R = \frac{4 \times 3 \times 10^{-2}}{4}$

$= 3 \times 10^{-2}$

$\therefore$ ব্যাস, $D = 6 \times 10^{-2}$ m

◆ একটি তারের প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল 1×10^{-4} m^2। তারের দৈর্ঘ্য 10% বৃদ্ধি করার জন্য 2×10^6N বল প্রয়োগ করা হলে তারের উপাদানের ইয়ং এর গুণাঙ্ক হবে- [জাবি ১৫-১৬]

A. 3×10^{11} Nm^{-2} B. 2.5×10^{11} Nm^{-2}
C. 2×10^{11} Nm^{-2} D. কোনটিই নয় Ans: C

সমাধান: $Y = \frac{FL}{Al}$

$= \frac{2 \times 10^6 \times L}{1 \times 10^{-4} \times 0.1 L}$

$= 2 \times 10^{11}$ Nm^{-2}

◆ পীড়ন এর মাত্রা কোনটি? [জাবি ১৪-১৫]

A. $[ML^{-1}T^{-2}]$ B. $[ML^{-2}T^{-2}]$
C. $[ML^{-1}T^{-1}]$ D. $[ML^{1}T^{2}]$ Ans: A

সমাধান: পীড়ন $= \frac{\text{বল}}{\text{ক্ষেত্রফল}} = \frac{MLT^{-2}}{L^2} = [ML^{-1}T^{-2}]$

◆ 30 cm দীর্ঘ 31×10^{-2} cm^2 প্রস্থচ্ছেদ বিশিষ্ট একটি তারের ইয়ং এর গুনাঙ্ক 1.5×10^{11} Nm^{-2}। একে টেনে 0.1 cm বৃদ্ধি করতে হলে কতটুকু কাজ সম্পন্ন হবে? [জাবি ১৪-১৫]

A. 0.25 j B. 0.2 j
C. 01.5 j D. 0.22 j Ans

সমাধান: এখানে,

L = 0.3

$A = 31 \times 10^{-6} m^2$

$Y = 1.5 \times 10^{11} Nm^{-2}$

$l = 0.001m$

$W = \frac{YAl^2}{2L}$

$= \frac{1.5 \times 10^{11} \times 31 \times 10^{-6} \times (0.001)^2}{2 \times 0.3}$

= 7.75 J

◆ একটি তারের দৈর্ঘ্য 5m, প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল $0.002m^2$, অসহপীড়ন 2.5×10^5 Nm^{-2}। তারটির অসহভর কত? [জাবি ১৪-১৫]

A. $\frac{500}{9.8}$ Kg B. $\frac{250}{9.8}$ Kg
C. $\frac{200}{9.8}$ Kg D. $\frac{450}{9.8}$ Kg Ans: A

সমাধান: অসহ পীড়ন $= \frac{\text{অসহ বল}}{\text{ক্ষেত্রফল}}$

বা, $P = \frac{F}{A} = \frac{mg}{A}$

বা, $m = \frac{PA}{g}$

$= \frac{2.5 \times 10^5 \times 0.002}{9.8}$

$= \frac{500}{9.8}$ kg

◆ পতনশীল বস্তুর উপর তরল বা গ্যাসের সান্দ্রতার প্রভাবজনিত স্টোকস এর সমীকরণ হলো- [জাবি ১৪-১৫]

A. $\eta = \frac{F/A}{dv/dy}$ B. $F = \eta A \frac{dv}{dy}$
C. $v = \frac{2r^2}{9} \frac{(\rho - \sigma) g}{\eta}$ D. $v = \frac{r^2}{3} \frac{(\rho - \sigma)g}{2\eta}$ Ans: C

◆ 1m দৈর্ঘ্য এবং 5×10^{-4} m ব্যাস বিশিষ্ট একটি ইস্পাতের তারে 19.6 N বল প্রয়োগ করলে এটি বৃদ্ধি পেয়ে 1.02 m হয়। তারের ইয়ং এর গুণাংক কত? [জাবি ১৩-১৪]

A. 4.99×10^9 Nm^{-2} B. 5×10^{-4} Nm^{-2}
C. 1.02×10^9 Nm^{-2} D. 4.99×10^{-11} Nm^{-2}
Ans: A

সমাধান: $Y = \frac{FL}{A\ell} = 4.99 \times 10^9 Nm^{-2}$

◆ তারের সম্প্রসারণে কৃত কাজ হবে- [জাবি ১৩-১৪]

A. $U = \frac{1}{2} \frac{Y\ell^2}{L^2}$ B. $W = \frac{1}{2} \frac{YA\ell^2}{L}$
C. $W = \frac{dL}{D\ell}$ D. $U = \frac{PV}{v}$ Ans: B

◆ সান্দ্রতার গুণাংক হবে- [জাবি ১৩-১৪]

A. $\eta = \frac{\frac{F}{A}}{\frac{dv}{dy}}$ B. $\eta = \frac{\frac{F}{A}}{\frac{d\ell}{dL}}$
C. $\eta = A\theta$ D. $\eta = \frac{\frac{F}{A}}{\frac{\ell}{L}}$ Ans: A

Scanned with CamScanner

Educationblog24.com

♦ কোনটি সত্য? [জাবি ১৩-১৪]
A. পীড়ন = F/A B. পীড়ন = A/F
C. পীড়ন = A/Aℓ D. পীড়ন = ℓ/L Ans: A

♦ 10m লম্বা এবং 1mm ব্যাস বিশিষ্ট একটি তারকে 100N বল দ্বারা টানা হলো। তারটির দৈর্ঘ্য বৃদ্ধি হবে- [$Y = 2.2 \times 10^{11}$ N/m^2] [জাবি ১২-১৩]
A. 64×10^{-3}m B. 4.6×10^{-3}m
C. 6.4×10^{-3}m D. 5.78×10^{-3}m Ans: D

সমাধান: $Y = \frac{FL}{Al}$

বা, $l = \frac{FL}{YA}$

$= \frac{100 \times 10}{2.2 \times 10^{11} \times \pi \left(\frac{10^{-3}}{2}\right)^2}$

$= 5.78 \times 10^{-3}$ m

♦ Y, K এবং η যথাক্রমে ইয়ং এর গুণাঙ্ক, আয়তন গুণাঙ্ক এবং দৃঢ়তার গুণাঙ্ক। যদি η = 3K হয় তবে-[জাবি ১২-১৩]
A. Y = 2.5 K B. Y = 3.5 K
C. Y = 4.5 K D. Y = 1.8 K Ans: C

সমাধান: $\frac{1}{3k} + \frac{1}{\eta} = \frac{3}{Y}$

বা, $\frac{1}{3k} + \frac{1}{3k} = \frac{3}{Y}$

বা, $\frac{2}{3k} = \frac{3}{Y}$

বা, Y = 4.5k

♦ তাপমাত্রা বৃদ্ধি পেলে ইস্পাতের স্থিতিস্থাপক গুনাংক- [জাবি ১২-১৩]
A. Increases B. Decreases
C. Remain unchanged D. None Ans: B

♦ পৃষ্ঠটান হলো- [জাবি ১২-১৩]
A. বল/ক্ষেত্রফল B. বল/দৈর্ঘ্য
C. বল × দৈর্ঘ্য D. পীড়ন/ক্ষেত্রফল Ans: B

♦ অসংরক্ষণশীল বল- [জাবি ১২-১৩]
A. সান্দ্র বল B. মাধ্যাকর্ষণ বল
C. তড়িৎবল D. কোনটিই নয় Ans: A

♦ পানির পৃষ্টটান 72×10^{-3} Nm^{-1} হলে 4 mm ব্যাসের কোনো পানির বিন্দুর ভিতরের ও বাইরের চাপের পার্থক্য হবে- [জাবি ১২-১৩]
A. 144 Nm^{-2} B. 100 Nm^{-2}
C. 180 Nm^{-2} D. 110 Nm^{-2} Ans: A

সমাধান: $p = \frac{4T}{r} = \frac{4 \times 72 \times 10^{-3}}{2 \times 10^{-3}}$

$= 144$ N/m^2

♦ তরলের ওজনের ফলে একটি কৌশিক নলে পানির উচ্চতা বেড়ে একটি নির্দিষ্ট উচ্চতায় পৌছে যেন পৃষ্ঠ টানের ফলে উদ্ভূত উর্ধমুখী বল 75×10^{-4} N বল দ্বারা সাম্যাবস্থায় থাকে। যদি পানির পৃষ্ঠ টান 6×10^{-2} N/m হয়, তবে কৌশিক নলের ভিতর পৃষ্ঠের ব্যাসার্ধ কত? [জাবি ১২-১৩]
A. 1.25×10^{-2} m B. 0.50×10^{-2} m
C. 6.5×10^{-2} m D. 12.5×10^{-2} m Ans: D

সমাধান: $r = \frac{F}{T} = \frac{75 \times 10^{-4}}{6 \times 10^{-2}}$

$= 12.5 \times 10^{-2}$ m

♦ 5m লম্বা ও 0.5mm ব্যাস বিশিষ্ট একটি তারকে 98N এর একটি বল দ্বারা টানা হলে তারটির বৃদ্ধি হবে। [জাবি ১১-১২]
A. 12.5×10^{-2} m B. 12.5×10^{-4} m
C. 125×10^{-2} m D. 1.25×10^{-2} m Ans: D

সমাধান: $Y = \frac{FL}{Al}$

বা, $l = \frac{FL}{YA}$

$= \frac{98 \times 5}{2 \times 10^{11} \times 3.1416 \times \left(\frac{0.4}{2} \times 10^{-3}\right)^2}$

$= 1.25 \times 10^{-2}$

♦ কলের পানি ও পরিষ্কার গ্লাসের মধ্যবর্তী স্পর্শ কোণ কত? [জাবি ১২-১৩; খুবি ৮-৯]
A. 0° B. 90°
C. 140° D. 8° Ans: D.
Note : বিশুদ্ধ পানি ও পরিষ্কার গ্লাসের মধ্যবর্তী স্পর্শ কোণ প্রায় 8°।

♦ একই পদার্থের বিভিন্ন অনুর মধ্যে পারস্পারিক আকর্ষণ বলকে বলে- [জাবি ১১-১২]
A. আসঞ্জন বল B. পৃষ্ঠশক্তি
C. পৃষ্ঠটান D. সংশক্তি বল Ans: D

♦ স্থিতিস্থাপক সীমার মধ্যে 1 sq mm প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বিশিষ্ট তারের এক প্রান্তে 1N বল প্রয়োগ করা হলে পীড়ন হবে- [রাবি (C-1) ২০-২১]
A. 10^6 Nm^{-2} B. 10^4 Nm^{-2}
C. 100 Nm^{-2} D. 50 Nm^{-2} Ans: A

সমাধান: পীড়ন $= \frac{F}{A} = \frac{1N}{1 \times 10^{-6} m^2} = 10^6$ Nm^{-2}

♦ $Y = 2.0 \times 10^{11}$ Nm^{-2} গুণাঙ্ক বিশিষ্ট পদার্থের একটি তারের দৈর্ঘ্য স্থিতিস্থাপক সীমার মধ্যে 5% বাড়াতে সৃষ্ট পীড়ন- [রাবি (C-2) ২০-২১]
A. 1.0×10^{10}Nm^{-2} B. 1.0×10^{11}Nm^{-2}
C. 2.0×10^{10}Nm^{-2} D. 5.0×10^{10}Nm^{-2} Ans: A

Scanned with CamScanner

Educationblog24.com

সমাধান: $Y = \frac{FL}{Al} = \frac{FL}{A(0.05L)}$

বা, $\frac{F}{A} = 0.05Y$

$= 0.05 \times 2 \times 10^{11}$

$= 1 \times 10^{10}\ Nm^{-2}$

♦ ইস্পাতের জন্য ইয়ং-এর গুণাঙ্ক $Y = 2.0 \times 10^{11}\ Nm^{-2}$ হলে, স্থিতিস্থাপক সীমার মধ্যে $1\ mm^2$ প্রস্থচ্ছেদ বিশিষ্ট একটি ইস্পাতের তারের দৈর্ঘ্য 10% বৃদ্ধি করতে প্রয়োজনীয় বল– [রাবি (C-3) ২০-২১]

A. 2×10^4 N B. 10^4 N
C. 1.2×10^4 N D. 0 N Ans: A

সমাধান: $Y = \frac{FL}{Al}$

বা, $F = \frac{YAl}{L}$

$= \frac{2.0 \times 10^{11} \times 1 \times 10^{-6} \times 0.1L}{L}$

$= 2 \times 10^4 N$

♦ স্পর্শকোণ 120° হলে কৈশিক নলে তরল– [রাবি (C-3) ২০-২১]

A. উপরে উঠবে B. নিচে নামবে
C. উভয়ই হতে পারে D. অপরিবর্তিত থাকবে Ans: B

♦ পীড়নের মাত্রা সমীকরণ– [রাবি ১৯-২০; ভাবিপ্রবি ১৫-১৬; ইবি ১২-১৩, ১৭-১৮]

A. $[ML^{-1}T^{-2}]$ B. $[MLT^{-2}]$
C. $[ML^{-1}T^{-2}]$ D. $[ML^{-2}T^{-2}]$ Ans: A

♦ সমান দৈর্ঘ্যের তিনটি তার A, B এবং C-তে পীড়নের মান সমান এবং দৈর্ঘ্য বৃদ্ধি $l_A > l_B > l_C$ হলে নিচের কোনটি সঠিক? [যেখানে Y ইয়ং-এর গুণাঙ্ক] [রাবি ১৮-১৯]

A. $Y_A > Y_B > Y_C$ B. $Y_C > Y_B > Y_A$
C. $Y_A = Y_B = Y_C$ D. B ও C Ans: B

সমাধান: $Y \propto \frac{1}{l}$

♦ তাপমাত্রা ও চাপের সঙ্গে সান্দ্রতার সম্পর্ক হল-[রাবি ১৭-১৮]

i. চাপ বৃদ্ধি পেলে সান্দ্রতা বাড়ে,
ii. তাপমাত্রা বাড়লে সান্দ্রতা কমে,
iii. গ্যাসের সান্দ্রতা গুণাঙ্ক তার পরম তাপমাত্রার বর্গমূলের সমানুপাতিক।

নিচের কোন উত্তরটি সঠিক?

A. i ও ii B. i ও ii
C. ii ও iii D. i, ii ও iii Ans: D

সমাধান: তাপমাত্রা বৃদ্ধি করলে তরলের সান্দ্রতা হ্রাস পায়। চাপ বৃদ্ধি করলে তরলের সান্দ্রতা বৃদ্ধি পায় এবং $n \propto \sqrt{T}$

♦ বৃষ্টির একটি বড় ফোঁটা ভেঙে অনেকগুলো ছোট ফোঁটায় পরিণত হলে, ফোঁটাগুলোর সর্বমোট– [রাবি ১৭-১৮]

A. ক্ষেত্রফল হ্রাস পায় B. ক্ষেত্রফল বৃদ্ধি পায়
C. আয়তন হ্রাস পায় D. ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে
Ans: B

সমাধান: বড় তরল ফোঁটাকে ভেঙে N সংখ্যক ফোঁটায় পরিণত করলে ক্ষেত্রফল বৃদ্ধি পায়।

♦ সান্দ্রতা কিসের সাথে তুলনীয়? [রাবি ১৭-১৮]

A. বল B. কাজ
C. ত্বরণ D. ঘর্ষণ Ans: D

♦ দুটি ভিন্ন প্রস্থচ্ছেদের তারের ইয়াং-এর স্থিতিস্থাপক গুণাঙ্ক একই। তার দুটি- [রাবি ১৭-১৮]

A. ভিন্ন দৈর্ঘ্যের B. ভিন্ন উপাদানের
C. একই উপাদানের D. যেকোনোটিতে হতে পারে
Ans: C

♦ স্থিতিস্থাপক সীমার মধ্যে আকার পীড়ন ও আকার বিকৃতির অনুপাত হচ্ছে- [রাবি ১৭-১৮]

A. ইয়ং এর গুণাংক B. আয়তন গুণাঙ্ক
C. দৃঢ়তার গুণাঙ্ক D. পয়সনের অনুপাত Ans: C

♦ সর্বপ্রথম আণবিক তত্ত্বের সাহায্যে পৃষ্ঠটানের ব্যাখ্যা দেন কে? [রাবি ১৭-১৮]

A. গ্যালিলিও B. রবার্ট হুক
C. ভ্যানডার প্লাঙ্ক D. ল্যাপ্লাস Ans: D

♦ সংকট তাপমাত্রায় তরলের পৃষ্ঠটান- [রাবি ১৭-১৮]

A. শূন্য B. অসীম
C. সসীম D. কোনোটিই নয় Ans: A

সমাধান: তাপমাত্রা বাড়লে তরলের পৃষ্ঠটান কমে এবং তাপমাত্রা হ্রাস পেলে তরলের পৃষ্ঠটান বাড়ে। সংকট তাপমাত্রা একটি স্থির তাপমাত্রা। এই তাপমাত্রায় তরলের পৃষ্ঠটান শূন্য।

♦ স্থিতিস্থাপক সীমা সবচেয়ে বেশি- [রাবি ১৭-১৮]

A. হীরার B. ইস্পাতের
C. দস্তার D. রাবারের Ans: B

♦ তরলের পৃষ্ঠে কোনো তেল বা চর্বি জাতীয় পদার্থ ভাসমান থাকলে তরলের পৃষ্ঠটান কী হয়? [রাবি ১৭-১৮]

A. বেড়ে যায় B. কমে যায়
C. সমান থাকে D. শূন্য হয় Ans: B

♦ নিচের কোন তরল সান্দ্রতা নেই? [রাবি ১৭-১৮]

A. আলকাতরা B. দুধ
C. তৈল রং D. গ্লিসারিন Ans: C

সমাধান: রং, আঠা ও তরল সিস্টেমের জন্য স্পর্শকীয় পীড়ন বৃদ্ধি পেলে সান্দ্রতার সহগ হ্রাস পায়।

Scanned with CamScanner

Educationblog24.com

◆ $1mm^2$ প্রস্থচ্ছেদবিশিষ্ট একটি ইস্পাতের তারে কত বলপ্রয়োগ করলে উহার দৈর্ঘ্য দ্বিগুণ হবে? ($Y = 2 \times 10^{12}$ dyne/cm^2) [রাবি ১৭-১৮]

A. 3×10^{10} dyne B. 5×10^{10} dyne
C. 2×10^{10} dyne D. 4×10^{10} dyne Ans: D

সমাধান: $F = \frac{YAl}{L}$

$= \frac{2 \times 10^{12} \times 2L \times 1 \times 10^{-2}}{L}$

$= 4 \times 10^{10}$ dyne

◆ কোনটির সান্দ্রতা সবচেয়ে বেশি? [রাবি ১৭-১৮]

A. পানি B. কেরোসিন
C.বাতাস D. গ্লিসারিন Ans: D

সমাধান: গ্লিসারিনের সান্দ্রতা পানি (H_2O) এর ন্যায় 1000 গুণ বেশি।

◆ Poise কিসের একক? [রাবি ১৭-১৮]

A. পীড়ন B. সান্দ্রতা
C. ইয়াং এর গুণাঙ্ক D. আয়তন গুণাঙ্ক Ans: B

সমাধান:

সান্দ্রতা গুণাঙ্কের একক = Ns/m^2

$\therefore$ 10 poise = 1 Ns/m^2

[বিশেষক্ষেত্রে সান্দ্রতার একক = পয়েজ]

◆ যদি স্পর্শ কোণ 90° এর কম হয় তবে তরলের পৃষ্ঠ কেমন হবে? [রাবি ১৭-১৮]

A. উত্তল B. সমতল
C. অবতল D. সমতলোত্তল Ans: C

সমাধান: স্পর্শ কোণ 90° এর বেশি হলে তরল পৃষ্ঠ উত্তল হবে।

◆ কৃন্তন বিকৃতি হলে, বস্তুর- [রাবি ১৭-১৮]

A. আয়তন পরিবর্তিত হয় B. দৈর্ঘ্য পরিবর্তিত হয়
C. ক্ষেত্রফল পরিবর্তিত হয় D. কোনোটিই না Ans: D

সমাধান: কৃন্তন বা মোচড় বিকৃতি হলো বস্তুর আকৃতিগত পরিবর্তন।

$\therefore$ কৃন্তন বিকৃতি = $\frac{\text{আপেক্ষিক সরণ}}{\text{ব্যবধান দূরত্ব}}$

◆ প্রবাহীর সান্দ্রতার মান অনুসারে কোনটি সঠিক? [রাবি ১৭-১৮]

A. আলকাতরা > দুধ > তেল
B. তেল > আলকাতরা > দুধ
C. আলকাতরা > তেল > দুধ
D. দুধ > তেল > আলকাতরা Ans: C

সমাধান: আলকাতরার সান্দ্রতা সবচেয়ে বেশি, তারপর তেল এবং সবচেয়ে কম দুধ।

◆ একটি তারের দৈর্ঘ্য l পরিমাণ বৃদ্ধি করতে কৃত কাজের পরিমাণ- [রাবি ১৭-১৮]

A. W = Fl B. W = 2Fl
C. $W = \frac{1}{2}Fl$ D. $W = \frac{1}{2}Fl^2$ Ans: D

সমাধান: l পরিমান দৈর্ঘ্য বৃদ্ধি করলে কৃতকাজ,

$W = \frac{1}{2}\frac{YA}{L}l^2 = \frac{1}{2}Fl^2$

◆ আয়তন গুণাঙ্কের বিপরীত রাশিকে বলে- [রাবি ১৭-১৮]

A. আয়তন বিকৃতি B. পীড়ন
C. আয়তন গুণাঙ্ক D. সংনম্যতা Ans: D

◆ পানির উপরিতল হতে 0.05 m লম্বা একটি আনুভূমিক তারকে তুলতে 7.28×10^{-3} N বল প্রয়োজন [তারের ভর নগণ্য]। পানির পৃষ্টটান কত? [রাবি ১৬-১৭]

A. $7.28 \times 10^{-2} N m^{-2}$ B. $7.28 N m^{-1}$
C. $7.28 \times 10^{-4} N m^{-1}$ D. $0.05 N m^{-1}$ Ans: A

সমাধান: $T = \frac{F}{2L}$

◆ 1 mm^2 প্রস্থচ্ছেদে বিশিষ্ট একটি তারের ইয়ং –এর গুণাংক 2×10^{11} Nm^{-2}। তারটিতে কত বল প্রয়োগ করলে এর দৈর্ঘ্য বৃদ্ধি করলে আদি দৈর্ঘ্যের 10% হবে? [রাবি ১৬-১৭]

A. 2×10^4 N B. 2×10^6 N
C. 2×10^{11} N D. 5×10^{-5} N Ans: A

সমাধান: $F = \frac{YAl}{L}$

$= \frac{2 \times 10^{11} \times 10^{-6} \times 0.1L}{2}$

$= 2 \times 10^4$ N

◆ পিতলের স্থিতিস্থাপক গুণাঙ্ক– [রাবি ১৬-১৭]

A. 9×10^{11} Nm^{-2} B. 9×10^{-11} Nm^{-2}
C. 9×10^{10} Nm^{-2} D. 9×10^{-10} Nm^{-2} Ans: C

◆ সোনার ন্যানো পার্টিকেলের বর্ণ হল– [রাবি ১৬-১৭]

A. সোনালী B. লাল
C. রূপালী D. কোনটিই নয় Ans: B

◆ 3m দীর্ঘ এবং 1 cm^2 প্রস্থচ্ছেদ বিশিষ্ট একটি তারের ইয়ং এর গুণাংক 5×10^{10} dyne/cm^2। একই তারটির দৈর্ঘ্য অর্ধেক ইয়ং এর গুনাকে কত dyne/cm^2 হবে? [রাবি ১৬-১৭]

A. 2.5×10^{10} B. 5×10^{10}
C. 10^{10} D. কোনটিই নয় Ans: A

◆ যদি স্পর্শ কোন 90° এর কম হয়, তবে কৈশিক নলে তরলের অবস্থা কেমন হবে? [রাবি ১৬-১৭]

A. উপরে উঠবে
B. নিচে নামবে
C. উপরে উঠবে বা নিচে নামবে
D. অপরিবর্তিত থাকবে Ans: B

Scanned with CamScanner

Educationblog24.com

♦ একই পদার্থের তৈরি দুটি তারের ব্যাসার্ধের অনুপাত 3:11 যদি তার দুটোকে সমান বল দ্বারা টানা হয় তবে তাদের পীড়নের অনুপাত কত হবে? [রাবি ১৬-১৭]

A. 9 : 121 B. 121 : 9
C. 3 : 11 D. 11 : 3 Ans: B

সমাধান: পীড়ন $\propto \frac{1}{r^2}$

♦ কৈশিক নল পদ্ধতিতে 2 mm ব্যাসের কৈশিক নল দিয়ে পানির পৃষ্ঠটান 72 dyne/ cm বের হল। যদি পরীক্ষাটি 1 mm ব্যাসের কৈশিক নল নিয়ে করা হত তবে পানির পৃষ্ঠটান কত? [রাবি ১৬-১৭]

A. 36 dyne/ cm B. 72 dyne/ cm
C. 144 dyne/ cm D. কোনোটিই নয় Ans: B

♦ কোনটি সঠিক? [রাবি ১৫-১৬]

A. পীড়ন = FA B. পীড়ন = $\frac{F}{A}$
C. পীড়ন = $\frac{A}{P}$ D. পীড়ন = F + A Ans: B

♦ কোন স্থিতিস্থাপক গুণাঙ্কটি তরলের জন্য প্রযোজ্য? [রাবি ১৫-১৬]

A. ইয়ং গুণাঙ্ক B. দৃঢ়তার গুণাঙ্ক
C. আয়তন গুণাঙ্ক D. কোনটিই না Ans: C

♦ একখন্ড ইটের ঘনত্ব 2 gm/cc। উহার ওজন 6 kg। অর্ধেক পানিতে নিমজ্জিত রাখলে ওজন কত হবে? [রাবি ১৫-১৬]

A. 2.5 kg B. 3.5 kg
C. 4.5 kg D. 5 kg Ans: C

সমাধান: $\rho = \frac{m}{v}$

♦ পানিতে কিছু ডিটারজেন্ট মেশালে এর পৃষ্ঠটান– [রাবি ১৫-১৬]

A. অপরিবর্তীত থাকে
B. হ্রাস পায়
C. হ্রাস পেতে পারে, বৃদ্ধিও পেতে পারে
D. বৃদ্ধি পায় Ans: B

♦ নিচের কোনটি সঠিক নয়? [রাবি ১৫-১৬]

A. পৃষ্ঠানের কারণে বৃষ্টির ফোঁটা গোলাকার হয়
B. পৃষ্ঠানের কারণে কৌশিক নলে পানি উপরে ওঠে
C. পৃষ্ঠানে তরল পৃষ্ঠের ক্ষেত্রফল বৃদ্ধি করে
D. পৃষ্ঠটানে তরল পৃষ্ঠের ক্ষেত্রফল সংকোচিত করে Ans: C

সমাধান: পৃষ্ঠ টানের কারণে কোন বস্তুর ক্ষেত্রফল সর্বনিম্ন পৌছাতে চায়।

♦ দৈর্ঘ্য বিকৃতির একক কি? [রাবি ১৪-১৫]

A. m B. Nm^{-2}
C. m^2 D. একক নাই Ans: D

সমাধান: একই প্রকার দুটি রাশির অনুপাত তাই এর কোন একক নেই।

♦ নিম্নের কোন রাশিটির কোন মাত্রা বা একক নেই? [রাবি ১৪-১৫]

A. ইয়ং গুণাঙ্ক B. আয়তন গুণাঙ্ক
C. দৃঢ়তার গুণাঙ্ক D. পয়সনের অনুপাত Ans: D

♦ L দৈর্ঘ্য ও r ব্যাসার্ধের একটি তারের উপাদানের ইয়ং গুণাঙ্ক Y। তারের দৈর্ঘ্য L/2 এবং ব্যাসার্ধ r/2 করা হলে ইয়ং গুণাঙ্ক কত হবে? [রাবি ১৪-১৫]

A. Y/2 B. Y
C. 2Y D. 4Y Ans: C

সমাধান: $\frac{Y_2}{Y} = \frac{L_2}{L_1} \times \frac{r_1^2}{r_2^2} = \frac{1}{2} \times 4$

বা, $Y_2 = 2Y$

♦ 200 cm লম্বা ও $1mm^2$ প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বিশিষ্ট একটি ইস্পাত তারের দৈর্ঘ্য 1.0 mm বৃদ্ধি করতে প্রয়োজনীয় কাজের পরিমান কত? (ইস্পাত এর ইয়ং গুণাংক $= 2 \times 10^{11}$ N/m^2)। [রাবি ১৪-১৫]

A. 0.05 J B. 1.0 J
C. 1.5 J D. 0.75 J Ans: A

সমাধান: $W = \frac{1}{2}\frac{YAl^2}{L}$

$= \frac{1}{2} \times \frac{2 \times 10^{11} \times 1 \times 10^{-6} \times (1 \times 10^{-3})^2}{200 \times 10^{-2}}$

$= 0.05$ J

♦ একটি তারের উপাদানের ইয়ং-এর গুণাংক 2×10^{11} N/m^2। তারটির দৈর্ঘ্য 15% বৃদ্ধি করতে প্রযুক্ত পীড়ন কত? [রাবি ১৪-১৫]

A. 2×10^{11} N/m^2 B. 4×10^{11} N/m^2
C. 3×10^{10} N/m^2 D. 6×10^{10} N/m^2 Ans: C

সমাধান: এখানে,

$Y = 2 \times 10^{11} Nm^{-2}$

$\frac{l}{L} = \frac{15}{100} = \frac{3}{20}$

বল = FN

ক্ষেত্রফল = Am^2

পীড়ন, $\frac{F}{A} = ?$

আমরা জানি,

ইয়ং এর গুণাঙ্ক, $Y = \frac{F \times L}{A \times \ell}$

পীড়ন, $\frac{F}{A} = Y \times \frac{\ell}{L}$

বা, $\frac{F}{A} = 2 \times 10^{11} \times \frac{3}{20}$

$= 3 \times 10^{10} Nm^{-2}$

∴ প্রযুক্ত পীড়ন $3 \times 10^{10} Nm^{-2}$

Scanned with CamScanner

Educationblog24.com

♦ 1m দৈর্ঘ্য এবং 5×10^{-4}m ব্যাস বিশিষ্ট একটি ইস্পাতের তারে 19.6N বল প্রয়োগে তা বৃদ্ধি পেয়ে 1.02m হলে তারের ইয়ং গুণাঙ্ক কত? [রাবি ১৩-১৪]

A. 4.99×10^9 Nm^{-2} B. 4.89×10^9 Nm^{-2}
C. 4.99×10^8 Nm^{-2} D. 4.98×10^9 Nm^{-2} Ans: A

সমাধান: $y = \dfrac{\frac{F}{A}}{\frac{l}{L}}$

$= \dfrac{\dfrac{19.6}{\pi \times \left(\frac{5 \times 10^{-4}}{2}\right)^2}}{\dfrac{1.02 - 1}{1}}$

$= 4.99 \times 10^9$ Nm^{-2}

♦ "পানির আয়তন গুনাংক = 0.2×10^{10} N/m^2" বলতে বুঝায় যে পানির আদি আয়তনের সমান আয়তন হ্রাস করতে পানির প্রতি বর্গমিটার ক্ষেত্রফলের উপর লম্বভাবে চারদিক থেকে যে বল প্রয়োগ করতে হবে তার পরিমান হবে? [রাবি ১১-১২]

A. 0.5×10^{10} N B. 0.2×10^{10} N
C. 0.3×10^{10} N D. 0.4×10^{10} N Ans: B

♦ 2×10^{-4} m^2 প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বিশিষ্ট একটি ইস্পাতের তারে কত বল প্রয়োগ করলে এর দৈর্ঘ্য দ্বিগুণ হবে? ($Y = 2 \times 10^{11}$ Nm^{-2}) [রাবি ০৯-১০]

